আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
ইব্রাহীম ইহুদী ছিলেন না এবং নাসারাও ছিলেন না, কিন্তু তিনি ছিলেন 'হানীফ' অর্থাৎ, সব মিথ্যা ধর্মের প্রতি বিমুখ এবং আত্নসমর্পণকারী, এবং তিনি মুশরিক ছিলেন না।
সূরা আল ইমরান ৬৭

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ২৩ আগস্ট ২০২৬ ॥ ০৯ রবিঃ আউঃ ১৪৪৮ ॥ ০৯ ভাদ্র ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৮০ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

অ্যাঙ্কর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫



সুশাসন প্রতিষ্ঠায় সরকারে কিছু পরিবর্তন এনেছেন প্রধানমন্ত্রী: স্থানীয় সরকারমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
মন্ত্রিসভায় রদবদলকে একটি চলমান প্রক্রিয়া বলেই মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও স্থানীয় ২ এর পাতায় দেখুন

চাঁদাবাজদের সঙ্গে পুলিশ জড়িত থাকলে তাদের তালিকাও করছি: স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
সারাদেশে চাঁদাবাজদের তালিকা তৈরি করা হচ্ছে জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, শুধু চাঁদাবাজদেরই ২ এর পাতায় দেখুন

গণমাধ্যমের স্বাধীনতায় বিশ্বাসী সরকার: তথ্যমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
বর্তমান সরকার মুক্ত ও স্বাধীন গণমাধ্যমে বিশ্বাসী। তবে স্বাধীনতা ভোগের পাশাপাশি সংবাদকর্মীদের দায়িত্বশীল ২ এর পাতায় দেখুন

মানহীন বেসরকারি বিশ্ববিদ্যালয় চিহ্নিত করে ব্যবস্থা নিতে হবে: শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, দেশে অনেক বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ২ এর পাতায় দেখুন

রহমতপুর-হিজলা-মেহেন্দিগঞ্জ রুটে সড়কপথে যুক্ত হবে ভোলা

কীর্তনখোলা ডেস্ক
দ্বীপ জেলা ভোলাকে দেশের মূল সড়ক নেটওয়ার্কের সঙ্গে যুক্ত করতে রহমতপুর-হিজলা-মেহেন্দিগঞ্জ-ভোলা রুটে মহাসড়ক নির্মাণের সিদ্ধান্ত নিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (২২ আগস্ট) তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি হাসান শিপলু জানান, সভায় ভোলার সঙ্গে ঢাকা ও বরিশালের সরাসরি সড়ক যোগাযোগ স্থাপনে তিনটি প্রস্তাব নিয়ে আলোচনা হয়। এর মধ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রস্তাবিত বরিশাল (রহমতপুর-হিজলা-মেহেন্দিগঞ্জ-ভোলা) রুটটি চূড়ান্ত করা হয়েছে। এই পথে মহাসড়ক নির্মাণের মাধ্যমে ভোলাকে দেশের মূল সড়ক নেটওয়ার্কের সঙ্গে যুক্ত করা হবে। সভায় প্রধানমন্ত্রী তারেক রহমান ভৌগোলিক প্রতিবন্ধকতা দূর করে নিরবচ্ছিন্ন যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্ব দেন।

পাশাপাশি ব্যবসা-বাণিজ্যের সুযোগ বাড়াতে সমন্বিত সড়ক নেটওয়ার্ক গড়ে তোলা এবং ভোলাকে মূল সড়ক ব্যবস্থার সঙ্গে যুক্ত করার কাজ দ্রুত এগিয়ে নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন। প্রকল্পসংশ্লিষ্টরা জানান, প্রস্তাবিত রুটে বিদ্যমান সড়ক প্রশস্ত করার পাশাপাশি কিছু অংশে নতুন সড়ক নির্মাণ করতে হবে। একই সঙ্গে তিনটি ছোট সেতুও নির্মাণের প্রয়োজন হবে। প্রকল্পের সম্ভাব্যতা ও বাস্তবায়নযোগ্যতা দ্রুত যাচাই করা হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ভোলার সঙ্গে বরিশাল, ঢাকা এবং দেশের অন্যান্য অঞ্চলের সরাসরি সড়ক যোগাযোগ তৈরি হবে। এতে মানুষের যাতায়াতের সময় ও খরচ দুটোই কমে আসবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা। নদীবেষ্টিত ভোলার মানুষের যোগাযোগের ক্ষেত্রে দীর্ঘদিন ধরে নৌপথের ওপর নির্ভরতা রয়েছে। নতুন সড়ক যোগাযোগ চালু হলে সেই নির্ভরতা অনেকটাই কমবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। সভায় অংশ ২ এর পাতায় দেখুন

হাইকোর্টে ১৩ কার্যদিবসে ৬৭ হাজারের বেশি পুরোনো মামলা নিষ্পত্তি

কীর্তনখোলা ডেস্ক
হাইকোর্ট বিভাগের পুরোনো মামলা নিষ্পত্তির বিশেষ কার্যক্রমে মাত্র ১৩ কার্যদিবসে ৬৭ হাজার ৩৫৫টি মামলা নিষ্পত্তি হয়েছে। এর মধ্যে ৬০ হাজার ৪৪৮টি পুরোনো ক্রিমিনাল মিস মামলা এবং বাকি ৬ হাজার ৯০৭টি পুরোনো রিট মামলা। শনিবার (২৩ আগস্ট) সুপ্রিম কোর্টের গণসংযোগ কর্মকর্তা মো. শফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, গত ২০ আগস্ট হাইকোর্ট বিভাগের ১৩টি ক্রিমিনাল মোশন বেঞ্চে ৪ হাজার ৭১৮টি পুরোনো ক্রিমিনাল মিস মামলা নিষ্পত্তি করা হয়েছে। এর ফলে বিশেষ কার্যক্রম শুরুর পর ১৩ কার্যদিবসে মোট ৬০ হাজার ৪৪৮টি পুরোনো ক্রিমিনাল মিস মামলা নিষ্পত্তি হলো। এ ছাড়া, একই সময়ে পুরোনো ক্রিমিনাল মিস মামলা ও পুরোনো রিট মামলা মিলিয়ে মোট ৬৭ হাজার ৩৫৫টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। মাত্র ১৩ কার্যদিবসে মোট ২ এর পাতায় দেখুন

বরিশাল সিটি কর্পোরেশনে চলছে ভোটের হিসাব-নিকাশ

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল সিটি করপোরেশন নির্বাচনকে ঘিরে এখনো আনুষ্ঠানিকভাবে ভোটের ঘণ্টা বাজেনি। নির্বাচন কমিশনের তফসিল ঘোষণা হয়নি, নির্ধারিত হয়নি ভোটের দিন-তারিখও। কিন্তু তার আগেই মেয়র পদকে কেন্দ্র করে বরিশালের রাজনীতিতে শুরু হয়েছে আগাম উত্তাপ। কে পাবেন দলীয় মনোনয়ন, কার নেতৃত্বে ভোটের মাঠে নামবে দল, আর শেষ পর্যন্ত কোন প্রার্থীর পক্ষে যাবে নগরবাসীর সমর্থন, এসব প্রশ্নে সরগরম হয়ে উঠেছে রাজনৈতিক অঙ্গন। তফসিল ঘোষণার আগেই সম্ভাব্য প্রার্থীদের জনসংযোগ, দলীয় নেতাকর্মীদের সঙ্গে যোগাযোগ এবং সাংগঠনিক তৎপরতা চোখে পড়ছে। বিশেষ করে বিএনপির ভেতরে মেয়র পদে মনোনয়ন নিয়ে চলছে নানা হিসাব-নিকাশ। দলটির ২ এর পাতায় দেখুন

তথ্যমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করলেন জহির উদ্দিন স্বপন

কীর্তনখোলা ডেস্ক
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেছেন জহির উদ্দিন স্বপন। শনিবার (২২ আগস্ট) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারির মাধ্যমে তার পদত্যাগের বিষয়টি নিশ্চিত করা হয়েছে। মন্ত্রিত্ব থেকে পদত্যাগের পর জহির উদ্দিন স্বপনকে প্রধানমন্ত্রী তারেক রহমানের রাজনৈতিক উপদেষ্টা হিসেবে নিয়োগ দিয়ে পৃথক আরেকটি প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালনকালে তিনি পূর্ণ মন্ত্রীর পদমর্যাদা, বেতন-ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুযোগ-সুবিধা ভোগ করবেন। এদিকে, জহির উদ্দিন স্বপনের স্থলাভিষিক্ত হয়ে নতুন তথ্য ও সম্প্রচার মন্ত্রী হিসেবে দায়িত্ব পেয়েছেন বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিভ রহমান পার্থ।

হিজলায় মাদক সেবনের দায়ে ৯ শিক্ষার্থীকে জরিমানা অভিভাবকদের জিম্মায় হস্তান্তর

হিজলা প্রতিনিধি
বরিশালের হিজলা উপজেলায় মাদক সেবনের অপরাধে ৯ শিক্ষার্থীকে মোট ৩৬ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। এর আগে শুক্রবার রাতে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করে পুলিশ। আটক শিক্ষার্থীরা ঢাকা, বরিশাল ও স্থানীয় বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র বলে জানা গেছে। পুলিশ সূত্রে জানা যায়, শুক্রবার রাত ৯টা থেকে রাত ১২টা পর্যন্ত হিজলা থানা-পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করে। অভিযানে উপজেলার বড়জালিয়া ইউনিয়নের বোম্বাই শহর এলাকা থেকে ৬ জন এবং গুয়াবাড়িয়া ইউনিয়নের ছোট লক্ষীপুর এলাকা থেকে ৩ জনকে আটক করা হয়। শনিবার সকালে আটক শিক্ষার্থীদের হিজলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ২ এর পাতায় দেখুন

সাংবাদিক এম মিরাজ হোসাইনের ইন্তেকাল

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালের সাংবাদিক অঙ্গনের পরিচিত মুখ ও দৈনিক বণিক বার্তার বরিশাল ব্যুরো প্রধান এম মিরাজ হোসাইন আর নেই। শনিবার (২২ আগস্ট) দুপুর দেড়টার দিকে ঢাকার নিউরোসায়েন্স হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। সম্প্রতি ব্রেন টিউমারের অস্ত্রোপচারের পর সাংবাদিক এম মিরাজ হোসাইনের নন-হজকিন লিম্ফোমা (Non-Hodgkin lymphoma) শনাক্ত হয়। এরপর থেকে তিনি ঢাকার নিউরোসায়েন্স হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। চিকিৎসাধীন অবস্থায় শনিবার দুপুরে তাঁর মৃত্যু হয়। মৃত্যুকালে তিনি বাবা, স্ত্রী, দুই ছেলে, আত্মীয়-স্বজন, সহকর্মী ও অসংখ্য শুভাকাঙ্ক্ষী রেখে গেছেন। এম মিরাজ হোসাইন বরিশাল প্রেসক্লাব, বরিশাল সাংবাদিক ফোরাম এবং বরিশাল টেলিভিশন ও মাল্টিমিডিয়া অ্যাসোসিয়েশনের (বিটিএমএ) সিনিয়র সদস্য ছিলেন। দীর্ঘদিন ধরে সাংবাদিকতায় যুক্ত থেকে তিনি বরিশালের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে সংবাদ পরিবেশন করেছেন। স্বজনদের সূত্রে জানা গেছে, শনিবার বিকেল ৩টার দিকে তাঁর মরদেহ ঢাকায় কর্মস্থল দৈনিক বণিক বার্তার কার্যালয়ে নেওয়া হয়। সেখানে সহকর্মীরা তাঁর প্রতি শ্রদ্ধা জানানোর পর লাশবাহী গাড়িতে করে মরদেহ বরিশালে নেওয়া হবে। রোববার (২৩ আগস্ট) সকাল ১০টায় এম মিরাজ হোসাইনের মরদেহ বরিশাল প্রেসক্লাব প্রাঙ্গণে নেওয়া হবে। সেখানে সাংবাদিক, সহকর্মী ও শুভাকাঙ্ক্ষীরা তাঁর কফিনে শেষ শ্রদ্ধা নিবেদন করবেন। পরে প্রেসক্লাব প্রাঙ্গণেই তাঁর জানাজা অনুষ্ঠিত হবে। জানাজা শেষে মরদেহ মেহেন্দীগঞ্জ উপজেলার কাজীরহাট ২ এর পাতায় দেখুন

বরিশালে ড. ইফতেখারুজ্জামান
মুক্ত ও জনগণের কাছে দায়বদ্ধ গণমাধ্যম ছাড়া দেশে সুশাসন আশা করা যায় না

কীর্তনখোলা রিপোর্ট
ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেছেন, দুর্নীতি প্রতিরোধ ও সুশাসন প্রতিষ্ঠায় গণমাধ্যমের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। স্বাধীন, মুক্ত ও জনগণের কাছে দায়বদ্ধ গণমাধ্যম ছাড়া দেশে সুশাসন আশা করা যায়না। তিনি শনিবার টিআইবি'র উদ্যোগে বরিশালে 'দুর্নীতি বিরোধী অনুসন্ধানী প্রতিবেদন ও ডাটা জার্নালিজম' শীর্ষক এক প্রশিক্ষণ কর্মসূচীর সমাপনী অধিবেশনে বক্তব্য রাখছিলেন। নগরীর একটি হোটেলের সভাকক্ষে এ প্রশিক্ষণে ৪০ জন গণমাধ্যম কর্মী অংশ নেন। সকাল থেকে বিকেল পর্যন্ত এ প্রশিক্ষণে তথ্যানুসন্ধানী প্রতিবেদন সহ দুর্নীতি প্রতিরোধী প্রতিবেদন তৈরীর বিভিন্ন বিষয়ের ওপর দিনব্যাপী প্রশিক্ষণে টিআইবি'র ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

বরিশালে ১০ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীর বিমানবন্দর থানা এলাকায় ১০ কেজি গাঁজাসহ মো. মনির হোসেন (৫০) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে র‌্যাব-৮। শুক্রবার (২১ আগস্ট) রাতে গোপন সংবাদের ভিত্তিতে ঢাকা থেকে বরিশালগামী একটি যাত্রীবাহী বাসে অভিযান চালায় র‌্যাব-৮ বরিশাল সদর কোম্পানির একটি টহল দল। নগরীর বিমানবন্দর থানাধীন জমজম এলপিজি ফিলিং স্টেশনের সামনে বিশেষ চেকপোস্ট বসিয়ে বাসটিতে তল্লাশি চালানো হয়। এ সময় যাত্রীবেশে থাকা মনির হোসেনের হাতে থাকা নীল রঙের কাপড়ের ব্যাগ তল্লাশি করে ১০ কেজি গাঁজা উদ্ধার করা হয়। গ্রেপ্তার মনির হোসেন খুলনার দৌলতপুর থানার মহেশ্বরপাশা এলাকার বাসিন্দা। র‌্যাব-৮ জানায়, উদ্ধার করা গাঁজা ও গ্রেপ্তার ব্যক্তিকে হেফাজতে নেওয়া হয়েছে। পরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তাকে বরিশাল মহানগরীর ২ এর পাতায় দেখুন

টানা পাঁচদিন সারাদেশে বৃষ্টির সম্ভাবনা

কীর্তনখোলা ডেস্ক
বঙ্গোপসাগরে মাঝারি অবস্থায় থাকা মৌসুমি বায়ুর প্রভাবে আগামী পাঁচদিন দেশজুড়ে বৃষ্টিপাতের ধারা অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। সেইসঙ্গে দেশের অধিকাংশ বিভাগে মাঝারি থেকে ভারী বর্ষণ এবং কোথাও কোথাও বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এর ফল সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে বলে জানিয়েছে সংস্থাটি। শনিবার (২২ আগস্ট) বাংলাদেশ আবহাওয়া ২ এর পাতায় দেখুন

বিশ্বজয়ী হাফেজদের রাষ্ট্রীয় স্বীকৃতি দেওয়া উচিত
— চরমোনাই পীর

কীর্তনখোলা ডেস্ক
দেশের যেসব তরুণ আন্তর্জাতিক হিফজুল কোরআন প্রতিযোগিতায় সাফল্য অর্জন করে বিশ্বের দরবারে দেশের সম্মান উজ্জ্বল করছেন তাদের রাষ্ট্রীয় স্বীকৃতি দেওয়া উচিত বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির ও চরমোনাই পীর মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম। শনিবার (২২ আগস্ট) দুপুরে বরিশালের চরমোনাই জামেয়া রশিদিয়া আহসানাবাদে সৌদি আরবের আন্তর্জাতিক কুরআন প্রতিযোগিতায় ১৩৩ দেশের প্রতিযোগীর মধ্যে ১৫ পারা বিভাগে প্রথম স্থান অর্জনকারী হাফেজ মো. নুরুদ্দিন জাকারিয়ার সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। চরমোনাই পীর বলেন, বহু বছর ধরেই বাংলাদেশের তরুণ হাফেজে কোরআনরা বিশ্বের বিভিন্ন দেশে অনুষ্ঠিত হিফজুল কোরআন প্রতিযোগিতায় প্রথম স্থানসহ শীর্ষস্থান অর্জন করে আসছেন। শতাধিক দেশের প্রতিযোগীদের পেছনে ফেলে তারা দেশের ২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

নকল হীরায় বাজার সয়লাব

দেশে হীরার খনি নেই, উৎপাদনও নেই। বেশ কয়েক বছর থেকে বৈধ পথে হীরা আমদানিও বন্ধ, অথচ দেশের বাজারে নামি-দামিসহ শত শত প্রতিষ্ঠান দেদার হীরার গয়না বিক্রি করছে। বলা হচ্ছে, এসবের বেশির ভাগই নকল, নয়তো চোরাপথে আনা হয়েছে। ফলে একদিকে ক্রেতাসাধারণ যেমন প্রতারিত হচ্ছে, অন্যদিকে সরকারও রাজস্ব হারাচ্ছে। একই সঙ্গে অবৈধ ব্যবসায়ীরা ফুলেফেঁপে উঠলেও প্রকৃত ব্যবসায়ীদের দুর্দিন কাটছে না। এমন উদ্বেগের চিত্রই উঠে এসেছে এক প্রতিবেদনে। খবরে বলা হয়েছে, ২০১৮ সাল থেকেই বৈধ আমদানি প্রায় বন্ধ। ২০২৫-২৬ সালে হীরা আমদানির পরিমাণ ছিল শূন্যের কোঠায়। কিন্তু বর্তমানে দেশে হীরার গয়নার বাজার প্রায় ১১ হাজার কোটি টাকার বেশি। সংগত কারণেই প্রশ্ন আসে, দেশে এত হীরা এলো কোথা থেকে? কালের কণ্ঠের অনুসন্ধান ও ওয়াকিফহাল মহলের তথ্য বলছে, দেশে হীরা বাজারের বড় অংশই চোরাচালানের ওপর নির্ভরশীল। এ ছাড়া ল্যাবে তৈরি নকল হীরায় গড়া গয়নার বাজারও রমরমা। যেখানে ০.২ গ্রাম হীরার দাম প্রায় ৮৩ হাজার টাকা, সেখানে দেশের দোকানগুলোতে পাঁচ থেকে ১০ হাজার টাকায় হীরার গয়না বিক্রির বিজ্ঞাপন দিচ্ছে। এতে সহজেই অনুমেয়, এসব গয়না কেমন হীরায় তৈরি। ছোটখাটো প্রতিষ্ঠান ছাড়াও বড় ধরনের অনিয়মের অভিযোগ রয়েছে বড় কিছু প্রতিষ্ঠানের বিরুদ্ধে। তাদের দৈনিক লেনদেনও কোটি টাকার কাছাকাছি, অথচ বৈধ আমদানির পর্যাপ্ত তথ্য নেই। বিগত এনবিআর দিয়ে মাত্র ৩৮.৪৭ কোটি টাকার পণ্য আমদানি করা হয়েছে (২০০৬-২০২৪), কিন্তু স্থানীয় বাজার থেকে ৬৭৮ কোটি টাকার সোনা-হীরা সংগ্রহের কোনো বৈধ নথি নেই। সিআইডি ২০২৫ সালে তার বিরুদ্ধে অর্থপাচারের মামলাও করেছে। রয়েছে ভ্যাট ফাঁকির অভিযোগও। এদিকে গত ২ এপ্রিল পাচারকালে যশোরের প্রায় সাড়ে ছয় কোটি টাকার হীরাসহ তামিলনাড়ুর এক নাগরিককে আটক করা হয়। এর আগে গত বছরের ৩০ জানুয়ারি যশোর সীমান্ত এলাকা থেকে ভারত থেকে আসা প্রায় ১০ কোটি টাকা মূল্যের হীরার গয়নাসহ বাংলাদেশি হাফিজুর রহমানকে আটক করে বিজিবির একটি টহলদল। শুধু এই দুই ঘটনাই নয়, প্রতিনিয়তই ঘটছে অবৈধ পথে হীরা চোরাচালানের ঘটনা, যার বেশির ভাগই অধরাই থাকছে বলে ধারণা করা হচ্ছে। খুব বেশিদিন আগের কথা নয়। হীরা আমদানি-রপ্তানিতে আমাদেরও সুদিন ছিল। ২০০৭ সালে সাভারের প্রিলিয়ান্ট হীরা লিমিটেড বেলজিয়ামে প্রথম মসৃণ হীরা রপ্তানি করে। এরপর অন্যান্য প্রতিষ্ঠানও এতে যোগ দেয়। সেই সময় প্রায় প্রতি সপ্তাহে উড়োজাহাজে হীরার চালান উঠত। রপ্তানি আয় ছিল প্রায় তিন কোটি ৯৬ লাখ ডলার। অথচ ২০১৯ সাল থেকে এই খাতে রহস্যময় অন্ধকার নেমে আসে। এদিকে সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, সামনের দিনে এই খাতের সম্ভাবনা রয়েছে। বিশ্বে মসৃণ হীরা রপ্তানির বাজার প্রায় ১০ বিলিয়ন ডলারের, যার বড় অংশই ভারতের নিয়ন্ত্রণে। কিন্তু বাংলাদেশেও সোনার লক্ষ করিয়ার রয়েছে। সোনা আমদানির জট আগেই খুলেছে। এখন অমসৃণ হীরার কর কমানো, বন্ড সুবিধা সহজ করা হলে এবং রপ্তানিতে প্রণোদনা বাড়ালে খাতটি ঘুরে দাঁড়াতে পারে। দেশে এখন ছোট আকারের কাটিং-পলিশিং কারখানা সীমিত। আমরা মনে করি, এই খাতের ভিত্তি মজবুত করতে নীতি সহায়তা প্রয়োজন। চোরাচালান বন্ধে কঠোর ব্যবস্থার পাশাপাশি যেসব ব্যবসায়ী নকল হীরা বিক্রি করছেন, তাঁদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হবে। একই সঙ্গে ক্রেতাসাধারণেরও দায়িত্বশীল ভূমিকা কাম্য।

হাইকোর্টে ১৩ কার্যদিবসে

৬০ হাজার ৪৪৮টি পুরোনো ক্রিমিনাল মিস মামলা নিষ্পত্তি করা হয়েছে। পুরোনো মামলা নিষ্পত্তির বিশেষ কার্যক্রম শুরুর পর এ পর্যন্ত পুরোনো ক্রিমিনাল মিস ও রিট মামলা মিলিয়ে মোট ৬৭ হাজার ৩৫৫টি মামলা নিষ্পত্তি হয়েছে। উল্লেখ্য, দেশের প্রধান বিচারপতির নির্দেশনা অনুসারে হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন বেঞ্চ এবং রিট মোশন বেঞ্চগুলো দীর্ঘদিনের পুরাতন মামলা নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। বিচারপ্রার্থীদের দ্রুত ন্যায়বিচার নিশ্চিতকরণ, মামলা জট হ্রাস এবং বিচার ব্যবস্থার গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে গৃহীত এ বিশেষ উদ্যোগের আওতায় ধারাবাহিকভাবে বিপুলসংখ্যক পুরাতন মামলা নিষ্পত্তি করা হচ্ছে। গত ৭ মে হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন এবং রিট মোশন বেঞ্চগুলোতে বিচারপতিরা দীর্ঘদিনের পুরাতন মামলা নিষ্পত্তিকে অগ্রাধিকার দিয়ে প্রতি সপ্তাহের নির্দিষ্ট দিনে পুরাতন ক্রিমিনাল মিস ও পুরাতন রিট মামলা নিষ্পত্তির বিশেষ এ কার্যক্রম শুরু করেন। পুরোনো মামলা নিষ্পত্তির এ কার্যক্রম অব্যাহত থাকবে।

মানহীন বেসরকারি বিশ্ববিদ্যালয়

শিক্ষার মান সন্তোষজনক নয়। এসব বিশ্ববিদ্যালয় চিহ্নিত করার পাশাপাশি সেখানে শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে এবং এ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। শনিবার (২২ আগস্ট) সাভারের ব্র্যাক সিডিএমে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) বাস্তবায়নাধীন 'হায়ার এডুকেশন অ্যাক্সিলারেশন অ্যান্ড ট্রান্সফরমেশন (হিট)' প্রকল্পের আওতায় আয়োজিত দুই দিনব্যাপী উপাচার্যদের সংলাপের শেষ দিনের সমাপনী সেশনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার সামগ্রিক উন্নয়নে বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণার ক্ষেত্র আরও বাড়াতে হবে? শিক্ষার উন্নয়নে গবেষণার বিকল্প নেই। তাই প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন বর্তমান সরকার গবেষণার উপর গুরুত্ব দিয়ে কাজ করছে। ইতোমধ্যে শিক্ষা বাজেটে জিডিপির ২ শতাংশ বরাদ্দ করা হয়েছে। পর্যায়ক্রমে তা ৫ শতাংশে উন্নীত করার পরিকল্পনা রয়েছে। এর ফলে বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণা বাজেটের যে সমস্যা রয়েছে তা দূর হবে। তিনি বলেন, আমরা যদি গবেষণা-নির্ভর বিশ্ববিদ্যালয় গড়ে তুলতে না পারি, তাহলে শিক্ষার অগ্রগতি সম্ভব নয়। তাই প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোতেও যেন আরো বেশি গবেষণার সুযোগ সৃষ্টি হয় সেদিকে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে লক্ষ্য রাখতে হবে। রিভার্স ব্রেইন ড্রেইনের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, এ দেশের শিক্ষক-শিক্ষার্থীরা বিদেশে অনেক ভালো ফল করে। পাশাপাশি গবেষণা ক্ষেত্রে তারা বিশাল সাফল্য দেখাচ্ছে। তাদেরকে দেশে এনে সেই মেধাকে কাজে লাগাতে হবে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে পিএসসির সাবেক চেয়ারম্যান অধ্যাপক জেড এন তাহমিদা বেগম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

গণমাধ্যমের স্বাধীনতায়

ভূমিকা পালন করতে হবে বলে মন্তব্য করেছেন নবনিযুক্ত তথ্য ও সম্প্রচারমন্ত্রী ব্যারিস্টার আন্দালিভ রহমান পার্থ। শনিবার (২২ আগস্ট) দুপুরে সাভারের জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপ করার সময় এসব কথা বলেন তিনি। এর আগে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন নতুন তথ্যমন্ত্রী। পরে শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। স্মৃতিসৌধে যাওয়ার আগে একটি বেসরকারি টেলিভিশনকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে মন্ত্রণালয়ের নতুন দায়িত্ব ও কর্মপরিকল্পনা নিয়ে কথা বলেন আন্দালিভ রহমান পার্থ। তিনি জানান, মন্ত্রণালয়ে আনুষ্ঠানিকভাবে কাজ শুরুর পর গণমাধ্যমবান্ধব পরিবেশ নিশ্চিত রেখে দায়িত্ব পালনের ক্ষেত্রে যেসব চ্যালেঞ্জ রয়েছে, সেগুলো চিহ্নিত করে কাজ এগিয়ে নেওয়া হবে। নতুন দায়িত্ব পাওয়ার পর বাড়তি কোনো চাপ অনুভব করছেন কি না, এমন প্রশ্নের জবাবে পার্থ বলেন, 'প্রধানমন্ত্রী ভালো জানেন কখন কাকে কোথায় দায়িত্ব দিতে হবে। যেহেতু অনেক দিন ধরে রাজনীতির পাশাপাশি মিডিয়ার সঙ্গে নিবিড় যোগাযোগ রয়েছে, তাই আশা করি সবার সহযোগিতায় ভালো কিছু করতে পারব।' টেলিভিশনের টক-শো ও রাজনৈতিক বিশ্লেষক হিসেবে তার নিয়মিত উপস্থিতি নিয়েও কথা বলেন তিনি। এ প্রসঙ্গে তথ্যমন্ত্রী বলেন, 'এখন হয়তো আগের মতো ঘন ঘন কথা বলার সুযোগ হবে না, তবে মিডিয়ার সঙ্গেই থাকব এবং ভিন্ন আঙ্গিকে দায়িত্বশীল জায়গা থেকে কথা বলব।' সরকারের আমলাতান্ত্রিক জটিলতা এবং দায়িত্ব পালনের সময় সাধারণ মানুষের কাছ থেকে দূরে সরে যাওয়ার আশঙ্কা প্রসঙ্গে প্রশ্ন করা হলে পার্থ বলেন, 'জনতাই ক্ষমতার উৎস। এই সত্য আমাদের সবসময় মনে রাখতে হবে। রাজনীতিবিদদের আসল সফলতা তখনই আসে, যখন তারা রাষ্ট্র পরিচালনায় থেকেও সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগের ভারসাম্য বজায় রাখতে পারেন।' গণমাধ্যমের স্বাধীনতা প্রসঙ্গে তিনি বলেন, বিগত ১৭ বছরে নানা ভয়ভীতির মধ্যেও গণমাধ্যম জনগণের কথা বলার চেষ্টা করেছে। নতুন সরকারের সময়ে সংবাদমাধ্যমের ওপর অযাচিত নিয়ন্ত্রণ বা হস্তক্ষেপের কোনো মানসিকতা নেই বলেও জানান তিনি।

চাঁদাবাজদের সঙ্গে পুলিশ

নয়, যেসব পুলিশ সদস্য এ ধরনের অপকর্মের সঙ্গে জড়িত তাদেরও তালিকা তৈরি করা হচ্ছে। শনিবার (২২ আগস্ট) বিকেলে সন্ত্রাসীদের হামলায় আহত ঢামেকের ইএনটি বিভাগের প্রধান অধ্যাপক ডা. মো. আসাদুর রহমানকে দেখতে গিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, চাঁদাবাজরা রাতারাতি কোটিপতি হতে চায়। চাঁদাবাজরা চিহ্নিত সন্ত্রাসী, দাগি আসামি এবং গডফাদারদের নাম ব্যবহার করে। আমরা শুধু চাঁদাবাজদের তালিকা করছি না, চাঁদাবাজদের সঙ্গে যদি পুলিশ সদস্য জড়িত থাকে তাদের তালিকাও করছি। তিনি বলেন, আজই একটা নির্দেশনা দেওয়া হয়েছে বিশেষ করে মেট্রো এলাকায়। ডিএমপিসহ দেশের সব মেট্রোপলিটন এলাকায় চাঁদাবাজ, চিহ্নিত সন্ত্রাসী ও মাদক কারবারিদের দ্রুত আইনের আওতায় আনার নির্দেশ দেওয়া হয়েছে। তাদের ধরতে যারা যারা ব্যর্থ হবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। তিনি আরও বলেন, একটি সংঘবদ্ধ চক্র ইএনটি বিভাগের প্রধান অধ্যাপক ডা. মো. আসাদুর রহমানের মতো হাইভ্যালু মানুষদের টার্গেট করে ভয়ভীতি প্রদর্শন এবং সর্বশেষ আঘাত করে। চাঁদাবাজিরও একটা উদ্দেশ্য ছিল। ২০ তারিখের মধ্যে চক্রের সাতজনের মধ্যে চারজনকে গ্রেফতার করা হয়েছে। পুলিশের প্রশংসা করি, ৪৮ ঘণ্টার মধ্যে মূলহোতা তাকে ধরতে পেরেছে। কিন্তু পুলিশের আরও কাজ করা বাকি। এসব সংঘবদ্ধ চাঁদাবাজ যারা আছে সবগুলোকে নির্মূল করতে চাই।

সুশাসন প্রতিষ্ঠায় সরকারে

সরকার পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী আবদুল মঈন খান। তিনি বলেছেন, প্রধানমন্ত্রী তারেক রহমান বাংলাদেশের কল্যাণ, সুশাসন প্রতিষ্ঠা এবং মানুষের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে সরকার পরিচালনায় কিছু পরিবর্তন এনেছেন। সেই পরিবর্তনের ধারাবাহিকতায় আজ আমরা সরকারের সঙ্গে যুক্ত হয়েছি। আজ শনিবার রাজধানীর শেরে বাংলা নগরে বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিসৌধে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। তাঁর সঙ্গে নবনিযুক্ত আরও দুই মন্ত্রী ও দুই প্রতিমন্ত্রীও শ্রদ্ধা নিবেদন করতে আসেন সমাধিসৌধ প্রাঙ্গণে। তাঁরা হলেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত, পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রী সাচিং প্রু জেরী, ধর্ম প্রতিমন্ত্রী মোহাম্মদ শামীম কায়সার লিংকন, পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। শ্রদ্ধা নিবেদন শেষে দোয়া ও ফাতেহা পাঠ করেন তাঁরা। তারেক রহমান বাংলাদেশের দ্বিতীয় ক্রান্তিকালে হাল ধরেছেন মন্তব্য করে আবদুল মঈন খান বলেন, বাংলাদেশের দ্বিতীয় ক্রান্তিকালে জনগণের ভোটে দেশের হাল ধরেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বাংলাদেশের গণতন্ত্রকে এগিয়ে নিয়ে যাওয়া ও মানুষের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে তিনি নিজেকে নিয়োজিত করেছেন। বাংলাদেশের সমস্যাগুলো সম্পর্কেও তিনি ওয়াকিবহাল আছেন। সেই সমস্যাগুলো দূর করে বাংলাদেশকে একটি গতিশীল রাষ্ট্র ও বিশ্বের বুকে বাংলাদেশের সুনাম পুনঃপ্রতিষ্ঠিত করার চেষ্টা করছেন। মন্ত্রিসভার রদবদল প্রসঙ্গে বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত বলেন, আজকের মন্ত্রিসভায় যে রদবদল ও পরিবর্ধন হয়েছে, এর মূল লক্ষ্য বাংলাদেশকে আরও ভালোভাবে এগিয়ে নেওয়া এবং অতীতের সেই বাংলাদেশে যেন আর ফিরে যেতে না হয়, তা নিশ্চিত করা। প্রধানমন্ত্রী তারেক রহমান চান, সরকারের প্রত্যেক সদস্য তাঁর নির্দেশনা অনুযায়ী বাংলাদেশের জনগণের স্বার্থে কাজ করবেন। তৃণমূল পর্যায় থেকে মানুষের কল্যাণে কাজ করার যে উদ্যোগ তিনি নিয়েছেন, আমরা সবাই সেই লক্ষ্য বাস্তবায়নে কাজ করব।

সাংবাদিক এম মিরাজ

থানার আন্ধারমানিক ইউনিয়নের আজিমপুর গ্রামের মিয়াবাড়ির পারিবারিক কবরস্থানে দাফন করা হবে। এম মিরাজ হোসাইনের মৃত্যুতে বরিশাল প্রেসক্লাব, রিপোর্টার্স ইউনিটি, বিটিএমএ, সাংবাদিক ফোরাম, সাংবাদিক ইউনিয়ন, জাতীয় সাংবাদিক সংস্থা বরিশাল জেলা কমিটি, বাংলাদেশ মফস্বল সাংবাদিক ফোরাম, সাংবাদিক নির্যাতন প্রতিরোধ কমিটিসহ বিভিন্ন সাংবাদিক সংগঠন গভীর শোক প্রকাশ করেছে। এ ছাড়া বিভিন্ন সাংবাদিক সংগঠক, রাজনৈতিক, সামাজিক, মুক্তিযোদ্ধা ও সুশীল সমাজের প্রতিনিধিরা তাঁর মৃত্যুতে শোক জানিয়েছেন। তাঁরা শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মরহুমের রুহের মাগফিরাত কামনা করেছেন।

বরিশালে ১০ কেজি গাঁজাসহ

বিমানবন্দর থানায় হস্তান্তর করা হয়েছে। মাদকের বিরুদ্ধে র‌্যাব-৮ বরিশালের অভিযান অব্যাহত থাকবে বলেও জানিয়েছে সংস্থাটি।

বিশ্বজয়ী হাফেজদের রাষ্ট্রীয়

নাম ও সম্মান উজ্জ্বল করছেন। এটি দেশের জন্য গৌরবের বিষয়। তিনি বলেন, এসব বিশ্বজয়ী হাফেজে কোরআনকে রাষ্ট্রীয় সম্মান দেওয়া উচিত। তাদের অর্জনকে রাষ্ট্রীয়ভাবে উদযাপন করে স্বীকৃতি দেওয়ার উদ্যোগ নেওয়া প্রয়োজন। হাফেজ নুরুদ্দিন জাকারিয়ার সাফল্যের কথা জানতে পেরে চরমোনাই পীর তাকে, তার উস্তাদ আর রায়হান মাদরাসার প্রিন্সিপাল মুফতি কাইয়ুম মোল্লা ও তার বাবা মাওলানা নুরুল আমিনকে চরমোনাইতে আমন্ত্রণ জানান। পরে তাদের সম্মানে শনিবার দুপুরে চরমোনাই জামেয়া রশিদিয়া আহসানাবাদে এ সংবর্ধনার আয়োজন করা হয়। সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইসলামী আন্দোলন বাংলাদেশের সিনিয়র নায়েবে আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ ফয়জুল করীম, প্রিন্সিপাল মুসাদ্দেক বিল্লাহ আল মাদানী, ইসলামী আন্দোলন বাংলাদেশের সহকারী মহাসচিব মাওলানা সৈয়দ এসহাক মুহাম্মাদ আবুল খায়ের, কেন্দ্রীয় মিডিয়া সেলের সমন্বয়ক হাসিব আর রহমানসহ চরমোনাই জামেয়ার উস্তাদরা। এদিকে সৌদি আরবের এবারের আন্তর্জাতিক কুরআন প্রতিযোগিতার ৩০ পারা বিভাগে তৃতীয় স্থান অর্জনকারী হাফেজ মাহমুদুল হাসান আশরাফীকেও চরমোনাই পীর আমন্ত্রণ জানিয়ে সংবর্ধনা দেবেন বলে জানানো হয়েছে। একই প্রতিযোগিতায় নারী বিভাগে বিজয়ীদের কাছেও সংবর্ধনাপত্র পৌঁছে দেওয়া হবে বলে ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় প্রচার বিভাগ জানিয়েছে।

টানা পাঁচদিন সারাদেশে

অধিদপ্তরের আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিকের দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অধিদপ্তর জানায়, রবিবার সকাল ৯টার মধ্যে রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে এবং সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। রোববার (২৩ আগস্ট) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে এবং সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। সোমবার (২৪ আগস্ট) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, খুলনা ও ঢাকা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে এবং সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী মঙ্গলবার (২৫ আগস্ট) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে এবং সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। ২৬ আগস্ট সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে এবং সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। এছাড়া আগামী পাঁচদিনে বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে বলেও জানিয়েছে সংস্থাটি।

মুক্ত ও জনগণের কাছে দায়বদ্ধ গণমাধ্যম

পরিচালক মোহাম্মদ তৌহিদুল ইসলাম, মোঃ বদরুদ্দোজা এবং কে এম রফিকুল ইসলাম বিভিন্ন সেশনে তথ্য উপাত্ত উপস্থাপন করেন। বিকেলে সমাপনী অধিবেশনে টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান উপস্থিত গণমাধ্যম কর্মীদের উদ্দেশ্যে বক্তব্য রাখার পাশাপাশি বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন। তিনি বলেন, গণমাধ্যমের বিকাশ ছাড়া সমাজ এগোবে না। আর সমাজ না এগোলে দেশের সার্বিক উন্নতিও সম্ভব নয় বলে উল্লেখ করে টিআইবি'র নির্বাহী পরিচালক জানান, এসব চিন্তা থেকেই আমরা দুর্নীতি প্রতিরোধে গণমাধ্যম কর্মীদের সার্বিক পরামর্শ সহ তাদের কাজের সমৃদ্ধি ও বিকাশের লক্ষ্যে এ প্রশিক্ষণের আয়োজন করেছি। তিনি বলেন, ঢাকার বাইরে অনেক ভাল সাংবাদিক রয়েছেন। কিন্তু তাদের মূল্যায়ন হয়না। আমরা টিআইবি থেকে প্রতিবছরই ফেলোশিপ দিয়ে থাকি, যেখানে ঢাকার বাইরের অনেক সাংবাদিকও অংশ নিচ্ছেন। আগামীতেও টিআইবি গণমাধ্যমের উন্নয়নে আরো সক্রিয় ভূমিকা রাখবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি। পরে তিনি প্রশিক্ষণ গ্রহণকারী গণমাধ্যম কর্মীদের মাঝে সার্টিফিকেট বিতরণসহ ফটো সেশনেও অংশ নেন।

হিজলায় মাদক সেবনের

ম্যাজিস্ট্রেট অভ্র জ্যোতি বড়ালের পরিচালিত ভ্রাম্যমাণ আদালতে হাজির করা হয়। আদালত মাদক সেবনের অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রত্যেককে ৪ হাজার টাকা করে মোট ৩৬ হাজার টাকা জরিমানা করেন। হিজলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সোলায়মান জানান, জরিমানা পরিশোধের পর ভবিষ্যতে এমন অপরাধে না জড়ানোর বিষয়ে সতর্ক করে শিক্ষার্থীদের নিজ নিজ অভিভাবকদের জিম্মায় হস্তান্তর করা হয়েছে। মাদকমুক্ত সমাজ গঠনে পুলিশের এ ধরনের তদারকি ও অভিযান অব্যাহত থাকবে বলে জানান তিনি।

রহমতপুর-হিজলা-মেহেন্দিগঞ্জ

নেওয়া কর্মকর্তারা জানান, হিজলা-মেহেন্দিগঞ্জ-ভোলা রুটের অন্যতম সুবিধা হলো দূরত্ব, সময় ও ব্যয় সাশ্রয়। বিশেষ করে ঢাকা ও বরিশালের সঙ্গে ভোলার যোগাযোগে এটি কার্যকর একটি বিকল্প পথ হিসেবে গড়ে উঠতে পারে। সভায় সড়ক পরিবহন ও সেতু এবং রেলপথ ও নৌপরিবহনমন্ত্রী শেখ রবিউল আলম, নৌপরিবহন মন্ত্রণালয় ও সেতু বিভাগের প্রতিমন্ত্রী রাজিব আহসান, প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী শাকিরুল ইসলাম খান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব মোহাম্মদ জিয়াউল হক, সেতু বিভাগের সচিব মোহাম্মদ আবদুর রউফ এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী মো. মনিরুজ্জামানসহ সংশ্লিষ্ট বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বরিশাল সিটি কর্পোরেশনে

কেন্দ্রীয়, মহানগর ও জেলা পর্যায়ের একাধিক নেতা সম্ভাব্য প্রার্থী হিসেবে আলোচনায় থাকায় মনোনয়ন দৌড়ও বেশ জমে উঠেছে। তবে বিএনপির পাশাপাশি পিছিয়ে নেই অন্যান্য রাজনৈতিক দলও। জামায়াতে ইসলামী, ইসলামী আন্দোলন বাংলাদেশ, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) এবং বামপন্থী দলগুলোও সম্ভাব্য প্রার্থী বাছাই ও সাংগঠনিক প্রস্তুতি শুরু করেছে। ফলে তফসিল এখনো ঘোষণা না হলেও বরিশাল নগরীতে কার্যত শুরু হয়ে গেছে নির্বাচনের প্রাক-প্রস্তুতি। মেয়র পদে বিএনপির সম্ভাব্য প্রার্থীদের মধ্যে সবচেয়ে বেশি আলোচনায় রয়েছেন দলের বরিশাল বিভাগীয় সাংগঠনিক সম্পাদক ও বরিশাল সিটি করপোরেশনের বর্তমান প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরিন। তাঁর অনুসারীরা তাঁকে সম্ভাব্য মেয়র প্রার্থী হিসেবে সামনে রেখে প্রচার চালাচ্ছেন। নগরীর বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক কর্মসূচিতেও তাঁর সক্রিয় উপস্থিতি আলোচনাকে আরও জোরালো করেছে। তবে বিএনপির দায়িত্বশীল একাধিক নেতা বলছেন, এখন পর্যন্ত মেয়র পদে দল কাউকে চূড়ান্ত মনোনয়ন দেয়নি। ফলে মনোনয়নপ্রত্যাশীদের তৎপরতাও থেমে নেই। বিএনপির মনোনয়নপ্রত্যাশীদের আলোচনায় রয়েছেন জাতীয় নির্বাহী কমিটির সদস্য এবায়দুল হক চাঁন, আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ, মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান ফারুক, সদস্যসচিব জিয়াউদ্দিন সিকদার, দক্ষিণ জেলা বিএনপির সদস্যসচিব আবুল কালাম শাহীন, মহানগর বিএনপির সাবেক সদস্যসচিব মীর জাহিদুল কবির এবং মহানগর বিএনপির ১ নম্বর যুগ্ম আহ্বায়ক আফরোজা খানম নাসরিন। এ ছাড়া বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা মোয়াজ্জেম হোসেন আলালের নামও সম্ভাব্য প্রার্থী হিসেবে রাজনৈতিক মহলে আলোচিত হচ্ছে। দক্ষিণ জেলা বিএনপির সদস্যসচিব আবুল কালাম শাহীন জানিয়েছেন, সিটি নির্বাচনে দলীয় প্রার্থী চূড়ান্ত হয়েছে, এমন কোনো তথ্য তাঁর জানা নেই। তিনি নিজেও মেয়র পদে দলীয় মনোনয়ন চাইবেন। আবুল কালাম শাহীন বলেন, ছাত্রদল দিয়ে বিএনপির রাজনীতিতে যুক্ত হয়েছেন তিনি। দীর্ঘদিন দলের বিভিন্ন পর্যায়ে নেতৃত্ব দিয়েছেন। সাধারণ নেতাকর্মী থেকে শুরু করে তৃণমূলের মানুষের সঙ্গে তাঁর সুসম্পর্ক রয়েছে। দলীয় মনোনয়ন না পেলে কষ্ট থাকবে, তবে দলের সিদ্ধান্তের বাইরে গিয়ে বিদ্রোহী প্রার্থী হওয়ার কোনো সম্ভাবনা নেই। জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ বলেন, নেতাকর্মী ও সাধারণ মানুষের মতামতকে গুরুত্ব দিয়েই প্রার্থী বাছাই করা উচিত। যাঁদের বিরুদ্ধে অভিযোগ রয়েছে, মনোনয়নের ক্ষেত্রে তাঁদের বিষয়টি বিবেচনায় নেওয়া হবে না বলেও মন্তব্য করেন তিনি। তিনি বলেন, দল মনোনয়ন দিলে নির্বাচন করবেন। দলের সিদ্ধান্তের বাইরে তিনি কখনো যাননি, এবারও যাবেন না। এদিকে মহানগর বিএনপির সদস্যসচিব জিয়াউদ্দিন সিকদারও নগরীতে নিয়মিত জনসংযোগ চালিয়ে যাচ্ছেন। তিনি বলেন, দলের চেয়ারপারসনের নির্দেশনা অনুযায়ী জনগণের সঙ্গে সম্পৃক্ত থাকার কাজ করছেন। সাধারণ মানুষ ও দলের হাইকমান্ড চাইলে তিনি মেয়র পদে নির্বাচন করতে আগ্রহী। তবে প্রার্থী বাছাইয়ের চূড়ান্ত সিদ্ধান্ত হাইকমান্ডের। বিএনপির পাশাপাশি বরিশাল সিটি নির্বাচনে নিজেদের অবস্থান শক্ত করতে মাঠে সক্রিয় হচ্ছে জামায়াতে ইসলামী। দলটির কেন্দ্রীয় কমিটির সহকারী সেক্রেটারি অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলালের নাম সম্ভাব্য মেয়র প্রার্থী হিসেবে আলোচনায় রয়েছে। বরিশাল মহানগর জামায়াতের আমির জহির উদ্দিন মোহাম্মদ বাবর বলেন, জোটের বিষয়ে সিদ্ধান্ত কেন্দ্রীয়ভাবে নেওয়া হবে। এখনো কেন্দ্র থেকে চূড়ান্ত কোনো সিদ্ধান্ত আসেনি। তবে স্থানীয়ভাবে অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলালকে সামনে রেখে কাজ করা হচ্ছে। বরিশাল সিটি নির্বাচনে এবারও এককভাবে লড়াই করার প্রস্তুতি নিচ্ছে ইসলামী আন্দোলন বাংলাদেশ। গত নির্বাচনে দলটির প্রার্থী ছিলেন সিনিয়র নায়েবে আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ ফয়জুল করীম। তবে এবার তিনি নির্বাচন করতে আগ্রহী নন বলে দলীয় নেতারা জানিয়েছেন। ফলে নতুন প্রার্থীকে ঘিরে দলটির ভেতরে আলোচনা চলছে। বরিশাল মহানগর ইসলামী আন্দোলনের সহকারী সেক্রেটারি নাসির উদ্দিন নাইস বলেন, মেয়র পদে তাঁরা এককভাবে নির্বাচন করবেন। তবে প্রার্থী চূড়ান্ত করার সিদ্ধান্ত দেবেন দলের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম। দলটির একাধিক নেতার সঙ্গে কথা বলে আইনজীবী শেখ আব্দুল্লাহ নাসিরের নাম সম্ভাব্য প্রার্থী হিসেবে আলোচনায় থাকার তথ্য পাওয়া গেছে। শেখ আব্দুল্লাহ নাসির বলেন, নির্বাচনের দিন-তারিখ এখনো ঘোষণা হয়নি। তিনি দলীয় নির্দেশনা অনুযায়ী কাজ করছেন। দল মনোনয়ন দিলে নির্বাচনে অংশ নেওয়ার জন্য প্রস্তুত আছেন। জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ও বরিশাল সিটি নির্বাচনে প্রার্থী দেওয়ার প্রস্তুতি নিচ্ছে। বরিশাল জেলার প্রধান সমন্বয়কারী আবু সাঈদ মুসা বলেন, এখন পর্যন্ত দলের কোনো প্রার্থী ঘোষণা করা হয়নি। এককভাবে প্রার্থী দেওয়ার বিষয়ে আলোচনা চলছে। শিগগিরই প্রার্থী ঘোষণা হতে পারে। জোটের বিষয়ে নির্বাচনের ঘোষণা আসার পর সিদ্ধান্ত নেওয়া হবে। বামপন্থী দলগুলোও সিটি নির্বাচনে নিজেদের প্রার্থী দেওয়ার প্রস্তুতি নিচ্ছে। বাসদ বরিশাল জেলার সমন্বয়ক ডা. মনিষা চক্রবর্তী বলেন, সিটি নির্বাচনে বামপন্থীদের প্রার্থী থাকবে। তবে ভোটের দিন-তারিখ নির্ধারিত না হওয়ায় এখনো প্রার্থী চূড়ান্ত হয়নি। দল ও জোটের পক্ষ থেকে মনোনয়ন দেওয়া হলে তিনি নির্বাচন করবেন। রাজনৈতিক দলগুলোর বাইরে স্বতন্ত্র প্রার্থী হিসেবেও কয়েকজনের নাম নগরীর রাজনৈতিক অঙ্গনে ঘুরছে। তবে সংশ্লিষ্টদের কেউই এখনো আনুষ্ঠানিকভাবে প্রার্থিতা ঘোষণা করেননি। তফসিল ঘোষণার পর পরিস্থিতি বুঝে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানা গেছে। রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, তফসিল ঘোষণার আগের এই তৎপরতা মূলত মনোনয়ন পাওয়ার লড়াইকে কেন্দ্র করেই। বিশেষ করে বিএনপির মতো বড় দলের একাধিক হেভিওয়েট নেতা মেয়র পদে আগ্রহী হওয়ায় দলীয় মনোনয়ন ঘিরে প্রতিযোগিতা আরও তীব্র হতে পারে। শেষ পর্যন্ত বিএনপির ধানের শীষ কার হাতে ওঠে, জামায়াত ও ইসলামী আন্দোলন কাকে সামনে আনে, এনসিপি ও বামপন্থীরা কোন কৌশলে মাঠে নামে এবং স্বতন্ত্র প্রার্থীরা কতটা শক্ত অবস্থান তৈরি করতে পারেন, এসবের ওপরই বরিশাল সিটি নির্বাচনের চূড়ান্ত সমীকরণ অনেকাংশে নির্ভর করবে। প্রায় ৫৮ বর্গকিলোমিটার আয়তনের বরিশাল সিটি করপোরেশনে রয়েছে ৩০টি ওয়ার্ড ও ২২৫টি মহল্লা। এখানে ৩০ জন সাধারণ ওয়ার্ড কাউন্সিলর এবং ১০ জন সংরক্ষিত নারী কাউন্সিলর নির্বাচিত হন।

টানা তিন দফায় সোনার

যুক্ত থাকায় গ্রাহকদের কাছ থেকে আলাদাভাবে তা আদায় করা যাবে না। এ ছাড়া সুনির্দিষ্ট ভ্যাট, মজুরি ও পাথর বাদ দিয়ে অলংকার এক্সচেঞ্জ ও পারচেজের ক্ষেত্রে আগের নিয়ম বহাল থাকবে। এর আগে ২০ আগস্ট (বৃহস্পতিবার) সকালে সোনার দাম সমন্বয় করেছিল বাজুস। সেদিন ভরিতে ৩ হাজার ৮৪৯ টাকা বাড়িয়ে ভ্যাটসহ ২২ ক্যারেটের এক ভরি সোনার দাম ২ লাখ ৪০ হাজার ৬২৮ টাকা, ২১ ক্যারেটের প্রতি ভরি ২ লাখ ২৯ হাজার ৭৮১ টাকা, ১৮ ক্যারেটের প্রতি ভরি ১ লাখ ৯৭ হাজার ৩৫৫ টাকা এবং সনাতন পদ্ধতির প্রতি ভরি সোনার দাম ১ লাখ ৬১ হাজার ১৯৬ টাকা নির্ধারণ করা হয়। সোনার দামের সঙ্গে বাড়ানো হয়েছে রুপার দামও। ভরিতে ১৭৫ টাকা বেড়ে ভ্যাটসহ ২২ ক্যারেটের এক ভরি রুপা বিক্রি হচ্ছে ৫ হাজার ৪৮২ টাকায়। এ ছাড়া ২১ ক্যারেটের প্রতি ভরি ৫ হাজার ২৪৯ টাকা, ১৮ ক্যারেটের প্রতি ভরি ৪ হাজার ৪৯১ টাকা এবং সনাতন পদ্ধতির প্রতি ভরি রুপা ৩ হাজার ৩৮৩ টাকায় বেচাকেনা হচ্ছে।

২০ মিটার নদীতে ১১৪

জানিয়েছেন, সেতুর প্রায় ৪০ শতাংশ কাজ শেষ হয়েছে। সরেজমিনে দেখা যায়, কচুয়া প্রান্তে সেতুর সঙ্গে ১২ ফুট প্রশস্ত একটি পাকা সড়ক রয়েছে। অন্যদিকে নাজিরপুর প্রান্তে নদীর তীর পর্যন্ত যাওয়ার জন্য সরু একটি কাঁচা পথ ছাড়া কোনো প্রশস্ত বা পাকা সড়ক নেই। ওই পথ দিয়ে স্বাভাবিকভাবে যানবাহন চলাচলও সম্ভব নয়। বর্ষায় পরিস্থিতি আরও খারাপ হয় বলে স্থানীয়রা জানান। স্থানীয় বাসিন্দাদের প্রশ্ন, মাত্র ২০ মিটার প্রশস্ত নদীর ওপর কেন ১১৪ মিটার দীর্ঘ সেতু নির্মাণ করা হচ্ছে। পাশাপাশি সেতুর এক প্রান্তে সংযোগ সড়ক না থাকায় প্রকল্পটির কার্যকারিতা নিয়েও তাঁরা প্রশ্ন তুলেছেন। স্থানীয়দের ভাষ্য, সেতু নির্মাণের পাশাপাশি দুই প্রান্তে কার্যকর সংযোগ সড়ক না হলে বিচ্ছিন্ন এলাকার যোগাযোগব্যবস্থা উন্নত হবে না। তাই সেতুর কাজ শেষ হওয়ার আগেই নাজিরপুর প্রান্তে সড়ক নির্মাণের দাবি জানিয়েছেন তাঁরা। সেতুটির অবস্থান ও প্রকল্প বাস্তবায়ন নিয়েও সংশ্লিষ্টদের বক্তব্যে ভিন্নতা রয়েছে। বাগেরহাট এলজিইডির নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ মঞ্জুর রশিদ বলেন, ম্যাপ অনুযায়ী নদীর একটি অংশ বাগেরহাট জেলার মধ্যে পড়েছে। সে অনুযায়ী বাগেরহাট থেকে সেতুটির দরপত্র আহ্বান করা হয়েছে। অন্যদিকে নাজিরপুর উপজেলা এলজিইডির প্রকৌশলী আসিফ এহসান বলেন, তিনি সম্প্রতি ওই পদে যোগ দিয়েছেন। সেতুটির অনুমোদন ও প্রকল্প প্রক্রিয়া সম্পর্কে তার বিস্তারিত জানা নেই। স্থানীয়দের দাবি, নদীটি নাজিরপুরের শেখমাঠিয়া এলাকার ৫৪ নম্বর জেএল ও ৬৭ নম্বর মৌজার মধ্যে পড়েছে। এ কারণে সেতুটির প্রকল্প বাস্তবায়ন নিয়ে প্রশ্ন তুলেছেন তারা। সেতু নির্মাণে পাথরের পরিবর্তে ইটের খোয়া ব্যবহার, পর্যাপ্ত রড না দেওয়া এবং পাইলের দৈর্ঘ্য নিয়ে অনিয়মের অভিযোগ করেছেন স্থানীয়রা। এ বিষয়ে ঠিকাদারি প্রতিষ্ঠান এআরসির ব্যবস্থাপনা পরিচালক আবুল কালামের কাছে প্রকল্পের নকশা ও নির্মাণকাজের সিডিউল দেখতে চাইলে তিনি তা দেখাতে রাজি হননি। নির্মাণকাজে অনিয়মের অভিযোগের বিষয়েও তিনি কোনো বক্তব্য দিতে চাননি। তবে অভিযোগের বিষয়ে বাগেরহাট এলজিইডির নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ মঞ্জুর রশিদ বলেন, 'কাজের অনিয়ম ও সিডিউল গোপনের অভিযোগ তদন্ত করে দেখা হবে।' সংযোগ সড়ক ছাড়া প্রকল্পের অনুমোদন ও অর্থ ছাড়ের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, তিনি সম্প্রতি ওই পদে যোগ দিয়েছেন। তাঁর আগে যাঁরা দায়িত্বে ছিলেন, তারা বিষয়টি দেখে কাজ করেছেন। ২০ মিটার নদীর ওপর ১১৪ মিটার সেতু নির্মাণের যৌক্তিকতা নিয়ে প্রশ্ন করা হলে নির্বাহী প্রকৌশলী মঞ্জুর রশিদ বলেন, প্রাথমিক প্রস্তাবে সেতুটি এত লম্বা ছিল না। পরে নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রকল্প শ্রেণিবিন্যাসের কারণে সেতুটির দৈর্ঘ্য বেড়েছে। তিনি বলেন, 'আপনারা অফিসে আসেন, আমি বিষয়টি বুঝিয়ে দেব।' নাজিরপুর উপজেলা প্রশাসন ও এলজিইআরডি প্রকল্পটির বিষয়ে অবগত নয় কেন এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিষয়টি জানার কথা। দুই উপজেলার কর্মকর্তাদের নিয়ে যৌথভাবে সরেজমিন পরিদর্শন করা হয়েছে কি না, সে বিষয়েও তিনি তাদের জানার কথা বলে মন্তব্য করেন। এলজিইডি কর্মকর্তারা জানিয়েছেন, সেতু নির্মাণের পর দুই পাশে সংযোগ সড়ক নির্মাণ করা হবে। তবে কবে নাগাদ এসব সড়ক নির্মাণ হবে, সে বিষয়ে স্থানীয়দের এখনো স্পষ্ট কোনো তথ্য দেওয়া হয়নি। সচেতন নাগরিক সমাজের প্রতিনিধিরা বলছেন, প্রকল্প অনুমোদনের আগে যথাযথ সম্ভাব্যতা যাচাই ও সরেজমিন পরিদর্শন হয়েছে কি না, তা খতিয়ে দেখা দরকার। পাশাপাশি সেতুর নির্মাণকাজের মান যাচাই এবং নাজিরপুর প্রান্তে দ্রুত সংযোগ সড়ক নির্মাণ করে সেতুটিকে জনগণের ব্যবহারের উপযোগী করার দাবি জানিয়েছেন তারা।

ভাণ্ডারিয়ায় জামায়াত নেতার

শান্তিপূর্ণভাবে বসবাস ও চাষাবাদ করে আসছিলেন। এই দীর্ঘ সময়ে কেউ কখনো ওই জমির মালিকানা দাবি করতে আসেননি। তবে সম্প্রতি জামায়াত নেতা ফিরোজ শিকদার কতিপয় প্রভাবশালী স্থানীয় রাজনৈতিক নেতার ক্ষমতার জোরে ওই সম্পত্তি জবরদখল করেন। এই অন্যায় ও বেআইনি কাজে জামায়াত নেতাকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা করেছেন ১ নং ভিটাবাড়িয়া ইউনিয়ন বিএনপির সভাপতি ইকবাল খান, ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক মাকসুদুর রহমান স্বপন এবং দপ্তর সম্পাদক নজরুল মৃধা। ভুক্তভোগী একরাম খন্দকার ৫ নং ওয়ার্ড বিএনপি'র সাধারণ সম্পাদক অভিযোগ করে বলেন, "এই প্রভাবশালী রাজনৈতিক নেতাদের ক্ষমতার দাপট ও টাকার জোরের সামনে আমরা চরম আতঙ্কিত। আমাদের জমিতে ৩০টিরও বেশি বিভিন্ন জাতের ফলজ ও বনজ গাছ আমরা নিজ হাতে লাগিয়েছিলাম। কিন্তু অভিযুক্তরা আমাদের কোনো কথাই শুনতে দেয়নি এবং জোরপূর্বক ওই গাছগুলো বিক্রি করে দিয়েছে। তাদের ত্রাসের রাজত্ব ও হুমকির কারণে আমরা ভয়ে প্রতিবাদ পর্যন্ত করতে পারিনি।" ভুক্তভোগী পরিবারগুলো এই ন্যাক্কারজনক ঘটনার তীব্র নিন্দা জানিয়ে অবিলম্বে তাদের বৈধ ভোগদখলীয় সম্পত্তি ফেরত এবং এর সুষ্ঠু বিচার দাবি করেছেন। তারা পিরোজপুর-২ আসনের মাননীয় সংসদ সদস্য এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সুদৃষ্টি কামনা করে বলেন, "আমরা আইনের সুশাসন চাই এবং উপজেলা প্রশাসনের কাছে আমাদের জানমালের পূর্ণ নিরাপত্তা ও আইনি সহায়তা প্রার্থনা করছি।" স্থানীয় একটি মহলের ছত্রছায়ায় নিরীহ মানুষের সম্পত্তি জবরদখলের এই ঘটনায় এলাকায় তীব্র ক্ষোভের সৃষ্টি করেছে। সাধারণ মানুষ দ্রুত প্রশাসনের পক্ষ থেকে নিরপেক্ষ তদন্ত ও আইনি পদক্ষেপ আশা করছেন।

ন্যায়বিচার নিশ্চিতে কাউখালীতে

সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন, কাউখালী ব্র্যাক কমিউনিটি প্যারালিগ্যাল মিঠুন দত্ত, সিনিঃ শিক্ষক মোঃ মেহেদী হাসান নয়ন, কাউখালী প্রেসক্লাবের সভাপতি রবিউল হাসান রবিন,সাংবাদিক এনামুল হক,সাংবাদিক তরিকুল ইসলাম পান্নু,সাংবাদিক নুরুজ্জামান খোকন, উপজেলা নাগরিক উদ্যোগের প্রোগ্রাম অফিসার মোঃ মহসিন মিয়া, উপজেলা মহিলা নেত্রী ও আরজেএমএফ সদস্য শামীমা আক্তার প্রমুখ। আলোচনা সভায় বক্তারা তৃণমূল পর্যায়ে প্রান্তিক জনগোষ্ঠীর ন্যায়বিচার সুনিশ্চিত করতে মূলত স্থানীয় শালিস ব্যবস্থা ও উঠান বৈঠকের মাধ্যমে কমিউনিটি পর্যায়ে জেন্ডার ন্যায্যতা নিশ্চিত করে বিচার প্রাপ্তির পথকে সহজ করা এবং মানবাধিকার রক্ষা ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় এলাকায় কর্মরত সকল এনজিও কর্মী ও নাগরিক সমাজকে সম্মিলিতভাবে কাজ করার প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করেন। ?উক্ত মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন,কমিউনিটি প্যারালিগ্যাল সুমা মীর,হোসনেয়ারা খানম, জীবনকৃষ্ণ দাস,কর্মসূচি সহকারী শংকর কর্মকার,কাউখালী মহিলা পরিষদের প্রতিনিধি এবং আরজেএমএফ এর অন্যান্য সদস্যবৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন সংগঠনটির এরিয়া কো-অর্ডিনেটর সুপ্রিয় দত্ত।

বাউফলে কৃতি শিক্ষার্থীদের

গাছের চারা তুলে দেন। এ সময় তারেক রহমানের পক্ষ থেকে কৃতি শিক্ষার্থীদেরকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে তিনি বলেন, লেখাপড়ার মান উন্নয়ন করতে হবে। অটোপাশের দিন শেষ, মেধাবীদের বাংলাদেশ। প্রশ্নপত্র ফাঁসের দিনও এখন আর নেই। তিনি আরো বলেন, শিক্ষা নিয়ে এ সরকারের অনেক পরিকল্পনা রয়েছে। তার মধ্যে রয়েছে, ওয়ান টিচার ওয়ান ট্যাব। মাল্টিমিডিয়া ক্লাস রুম। মিড ডে মিল চালু। একটি গোষ্ঠি এর বিরুদ্ধে অপপ্রচার চালাতে পারে। আপনারা সতর্ক থাকবেন। এর আগে ফ্যামিলি কার্ড নিয়েও ওই গোষ্ঠী অপপ্রচার চালিয়ে ছিল। কিন্তু এ সরকার তাদের নির্বাচনী সেই প্রতিশ্রুতি ইতিমধ্যে বাস্তবায়ন করেছে। বাউফল উপজেলা ছাত্রদলের সভাপতি আব্দুল্লাহ আল ফাহাদের সভাপতিত্বে ও সাধারন সম্পাদক মোঃ নিয়াজ খানের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, বাংলাদেশ কৃষকদলের কেন্দ্রীয় কমিটি যুগ্ম সাধারন সম্পাদক একেএম মিজানুর রহমান লিটু, উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত আহ্বায়ক তছলিম তালুকদার, পটুয়াখালী জেলা ছাত্রদলের সাবেক সাধারন সম্পাদক গাজী আশফাকুর রহমান বিপ্লব, উপজেলা বিএনপির সদস্য মোঃ জাকির হোসেন মৃধা, যুবদল নেতা বজলুল হক খোকন, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক সাইফুল ইসলাম ঝুরন প্রমুখ।

আগৈলঝাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

দিক তুলে ধরে আলোচনা করেন এবং রোগিদের পরামর্শ দিয়ে থাকেন এবং দায়িত্বরত আনসার সদস্যদের কথা শুনে তাদের সুশৃংখলা দায়িত্ব পালন করার লক্ষ্যে আপনারা সঠিক দায়িত্ব পালন করবেন বলেন জানান। এ সময় স্বাস্থ্য কমপ্লেক্সের গুরুত্বপূর্ণ বিষয়ে তুলে ধর ও রোগীদের সেবার মান আগের চেয়ে বর্তমানে দিনার দিন উন্নতির দিকে যাচ্ছে বলে জানান ডাঃ গোলাম মোরশেদ সজিব এ সময় ডিসি মহোদয় তার কথা গুরুত্ব সহকারে শোনার পরে এবং পরিদর্শনের শেষে সেবার মান সার্বিক মানের সন্তোষ প্রকাশ করেন এছাড়া যে কোনো সহযোগিতার প্রয়োজন হলে রোগীর ক্ষেত্রে সর্বক্ষণ জেলা প্রশাসক পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েছেন ও যে যার দায়িত্ব নিরলস ভাবে পালন করে যাবেন

চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে

সূত্রে জানা গেছে, অবকাঠামোগতভাবে হাসপাতালটি ১০০ শয্যায় উন্নীত করা হলেও প্রয়োজনীয় জনবল ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের আনুষ্ঠানিক অনুমোদন না থাকায় এখনো পূর্ণাঙ্গ কার্যক্রম শুরু হয়নি। হাসপাতালটিতে বর্তমানে ৬৬ জন চিকিৎসকের পদ থাকলেও কর্মরত আছেন মাত্র ২১ জন। এর মধ্যে ১০ জন কনসালটেন্টের বিপরীতে কর্মরত আছেন মাত্র দুজন। ৫২ জন চিকিৎসা কর্মকর্তার বিপরীতে কর্মরত আছেন ১৭ জন। ৩০ জন নার্সের বিপরীতে রয়েছেন ২৮ জন। ১৬ জন সেকমো পদের বিপরীতে কর্মরত আছেন মাত্র দুজন। পাঁচজন পরিচ্ছন্নতাকর্মীর বিপরীতে রয়েছেন দুজন। তিনজন ল্যাব অ্যাসিস্ট্যান্টের বিপরীতে কর্মরত আছেন দুজন। এ ছাড়া তিনজন ফার্মাসিস্টের পদ থাকলেও বর্তমানে কোনো ফার্মাসিস্ট নেই। হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকের বড় ধরনের সংকট রয়েছে। শিশু, গাইনি ও হৃদ্?রোগের মতো গুরুত্বপূর্ণ বিভাগে চিকিৎসক না থাকায় রোগীদের চিকিৎসার জন্য অন্যত্র যেতে হচ্ছে। এতে রোগীদের বিশেষ করে নারী ও শিশুদের ভোগান্তি বেশি হচ্ছে। হাসপাতালে এক্স-রে মেশিন থাকলেও সেটি পরিচালনার জন্য রেডিওগ্রাফার নেই। ফলে দুর্ঘটনায় আহতসহ বিভিন্ন রোগীর এক্স-রে করাতে অনেক সময় হাসপাতালের বাইরে যেতে হচ্ছে। এতে রোগীদের বাড়তি অর্থ ব্যয়ের পাশাপাশি সময়ও নষ্ট হচ্ছে। হাসপাতালটিতে নেই আধুনিক মানের পূর্ণাঙ্গ ল্যাব সুবিধা। প্রয়োজনীয় আধুনিক যন্ত্রপাতির অভাবে অনেক গুরুত্বপূর্ণ পরীক্ষা করা সম্ভব হচ্ছে না। এমনকি রক্তের অন্যতম গুরুত্বপূর্ণ পরীক্ষা সিবিসি করার জন্যও প্রয়োজনীয় মেশিন নেই। ফলে রোগীদের বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার জন্য বেসরকারি ডায়াগনস্টিক সেন্টারে যেতে হচ্ছে। রোগী ও তাঁদের স্বজনেরা জানান, সরকারি হাসপাতালে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার সুযোগ না থাকায় বাধ্য হয়ে বাইরে বেসরকারি চিকিৎসাকেন্দ্রে পরীক্ষা করাতে হয়। হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. মাকসুদুর রহমান বলেন, হাসপাতালে এক্স-রে মেশিন রয়েছে, কিন্তু রেডিওগ্রাফার না

থাকায় পূর্ণাঙ্গ সেবা দেওয়া সম্ভব হচ্ছে না। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আশরাফুল ইসলাম সুমন বলেন, হাসপাতালের চিকিৎসাসেবা উন্নত করতে প্রয়োজনীয় জনবল ও চিকিৎসা সরঞ্জামের চাহিদা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে।

গৌরনদী টিটিসির অধ্যক্ষ ও হিসাব রক্ষকের

কর্মকর্তা-কর্মচারী টিটিসির অভ্যন্তরে বসবাস করলেও তারা নিয়মিত বাড়িভাড়া ভাতা গ্রহণ করছেন বলে অভিযোগ করেছেন স্থানীয়রা। এতে সরকারি অর্থের অপচয় ও আর্থিক ক্ষতির আশঙ্কা করছেন তারা। এ বিষয়ে অধ্যক্ষ আবুল বাশার আল মামুন টিটিসির ভেতরে কর্মকর্তা-কর্মচারীদের বসবাসের বিষয়টি স্বীকার করেন। তিনি বলেন, প্রশিক্ষণ কেন্দ্রের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণের জন্য পর্যাপ্ত জনবল না থাকায় প্রয়োজনের ভিত্তিতে তারা ভেতরে থাকছেন। স্থানীয় বাসিন্দা ও প্রশিক্ষণার্থীদের অভিযোগ, টিটিসিতে সরাসরি অনলাইনে ভর্তি কার্যক্রমের ব্যবস্থা থাকা সত্ত্বেও প্রশিক্ষণার্থীদের কেন্দ্রের সামনে একটি কম্পিউটার দোকানে পাঠানো হয়। দূর-দূরান্ত থেকে আসা প্রশিক্ষণার্থীদের ওই দোকানের মাধ্যমে ভর্তি ও অন্যান্য কার্যক্রম সম্পন্ন করতে উৎসাহিত করা হয়। এর বিনিময়ে অতিরিক্ত অর্থ নেওয়া হচ্ছে বলেও অভিযোগ রয়েছে। গত ১৭ আগস্ট আগৈলঝাড়ার পয়সারহাট থেকে সাইদুল ইসলাম নামে এক বিদেশগামী ব্যক্তি টিটিসিতে প্রশিক্ষণে ভর্তি হতে আসেন। তিনি কেন্দ্রের তৃতীয় তলা থেকে সরাসরি ভর্তি কার্যক্রম সম্পন্ন করেন বলে জানা গেছে। বিষয়টি জানতে পেরে অধ্যক্ষ আবুল বাশার আল মামুন কেন্দ্রের কর্মরত আব্দুল কাদেরকে ভবিষ্যতে এভাবে কেন্দ্রের ভেতর থেকে ভর্তি কার্যক্রম না করার জন্য সতর্ক করেন । ভর্তি খরচ সম্পর্কে জানতে টিটিসির সামনে থাকা কম্পিউটার দোকানের পরিচালক মো. আমিন খানের কাছে গেলে তিনি বলেন, ট্রেনিংয়ে ছেলেদের ভর্তি করতে প্রায় ৬৫০ টাকা খরচ হয়। আর নারীদের ভর্তি করতে প্রায় দুই হাজার টাকার মতো খরচ পড়ে। স্থানীয়দের অভিযোগ, সরকারি প্রশিক্ষণ কেন্দ্রে ভর্তি ও সংশ্লিষ্ট কার্যক্রমের নিজস্ব ব্যবস্থা থাকা সত্ত্বেও কেন প্রশিক্ষণার্থীদের বাইরে নির্দিষ্ট একটি কম্পিউটার দোকানে পাঠানো হচ্ছে এবং অতিরিক্ত অর্থ নেওয়া হলে সেই অর্থের হিসাব কী। নারীদের প্রশিক্ষণ নিয়েও দুই রকমের বক্তব্য পাওয়া গেছে। অতিরিক্ত হিসাব রক্ষক আল আমিন বলেন,কেন্দ্রে নারীদের কোনো প্রশিক্ষণ নেই। তবে অধ্যক্ষ আবুল বাশার আল মামুন বলেন, হাউসকিপিং ছাড়া কেন্দ্রের অন্যান্য চালু প্রশিক্ষণগুলোতে নারীদের অংশগ্রহণের সুযোগ রয়েছে। টিটিসির অভ্যন্তরে কর্মকর্তা-কর্মচারীদের জন্য রান্না করা খাবার থেকেও বাইরে খাবার সরবরাহের অভিযোগ রয়েছে। অভিযোগ অনুযায়ী, জামিলা বেগম ওরফে 'করলা' নামের এক নারী টিটিসির ভেতর থেকে প্রতিদিন তিন বেলা খাবার নিয়ে কেন্দ্রের সামনে মো. সুজন ফকিরের দোকানে পৌঁছে দেন। দোকান মালিক মো. সুজন ফকির জানান, এ খাবার তার জন্য নয় আমিন খান টিটিসিতে মেস হিসেবে মাসে সাড়ে চার হাজার টাকা খরচ দিয়ে তিন বেলা খাবার খান। আমিন খান অতিরিক্ত হিসাব রক্ষক আল আমিনের আপন ভাই। তিনি আগে টিটিসিতে কর্মরত ছিলেন। আয় কম হওয়ায় চাকরি ছেড়ে বর্তমানে কম্পিউটারের দোকান দিয়েছেন বলে জানা গেছে। জামিলা বেগম ওরফে করলা বলেন, আগে তিনি খাবার সরবরাহ করতেন। বর্তমানে আল আমিনের ভাই অসুস্থ থাকায় তিনি আবার খাবার সরবরাহ করছেন। অভিযোগের বিষয়ে অধ্যক্ষ আবুল বাশার আল মামুন বলেন, আল আমিনের ভাইয়ের দোকানে কেন্দ্রের ভেতর থেকে খাবার দিতে তিনি আগেই নিষেধ করেছেন। এরপরও দেওয়া হলে বিষয়টি খতিয়ে দেখবেন। সরেজমিনে টিটিসির ভেতরে হাঁস-মুরগি ও কবুতর পালন করতে দেখা গেছে। এ বিষয়ে অধ্যক্ষ আবুল বাশার আল মামুন বলেন, কেন্দ্রের ভেতরে হাঁস-মুরগি ও কবুতর পালনের বিষয়টি তেমন কোনো সমস্যা নয়। এতে সরকারের কোনো অসুবিধা হচ্ছে না বলেও দাবি করেন তিনি। প্রশিক্ষণার্থীদের ভাতা নিয়েও অভিযোগ রয়েছে। টিটিসির পঞ্চম ব্যাচের লিমন ফকিরসহ কয়েকজন প্রশিক্ষণার্থী জানায়, প্রশিক্ষণ শেষ হওয়ার প্রায় ছয় মাস পার হলেও তারা এখনো বরাদ্দকৃত ভাতার টাকা পাননি। লিমন আরও জানায়,ভাতার টাকা চাওয়াকে কেন্দ্র করে প্রশিক্ষকদের সঙ্গে একাধিকবার কথা কাটাকাটি হয়েছে। প্রশিক্ষণ শেষে নির্ধারিত ভাতা না পাওয়ায় তারা হতাশ বলেও জানান। স্থানীয় মুদি ব্যবসায়ী মো. জসিম মোল্লা অভিযোগ করেন, অতিরিক্ত হিসাব রক্ষক আল আমিনের কথায় তিনি তার শ্যালককে টিটিসিতে কাজে দেন। প্রায় তিন মাস কাজ করার পর তার বেতনের অর্ধেক টাকা দেওয়া হয় এবং বাকি টাকা আল আমিন আত্মসাৎ করেন বলে অভিযোগ করেন তিনি। পরে স্থানীয়দের চাপের মুখে বাকি টাকা ফেরত দিতে বাধ্য হন আল আমিন। এদিকে টিটিসিতে কর্মরত না থাকা জামিলা বেগম ওরফে করলার কাছে গুরুত্বপূর্ণ কক্ষের চাবি থাকা এবং তাকে কেন্দ্রের একটি কক্ষে রাতযাপনের সুযোগ দেওয়ার বিষয়েও অভিযোগ উঠেছে। এ বিষয় জামিলা বেগম বলেন, কেয়ারটেকার দেলোয়ার সকালে দেরিতে ওঠেন। এ কারণে গুরুত্বপূর্ণ কিছু চাবি তার কাছে রাখা হয়েছে। আর অধ্যক্ষের অনুমতি নিয়েই তিনি সেখানে রাতযাপন করছেন। এ বিষয়ে অধ্যক্ষ আবুল বাশার আল মামুন বলেন, তার চাকরি নেই। তিনি যে প্রকল্পে কাজ করতেন, সেই প্রকল্পের মেয়াদ শেষ হয়েছে। তবে মানবিক দিক বিবেচনা করে তাকে এখানে থাকার অনুমতি দেওয়া হয়েছে। টিটিসিতে নাইটগার্ড ও কেয়ারটেকার থাকা সত্ত্বেও গুরুত্বপূর্ণ স্থাপনার চাবি কার কাছে থাকে, তা নিয়েও ভিন্ন রকম তথ্য পাওয়া গেছে। কেয়ারটেকার দেলোয়ার জানান, চাবি অতিরিক্ত হিসাব রক্ষক আল আমিনের কাছে থাকে। অন্যদিকে আল আমিনের সঙ্গে কেয়ারটেকারের ফোনে কথোপকথনের সময় চাবি জামিলা (করলা) খালার কাছে থাকার কথা শোনা যায়। জামিলা বেগমের পারিবারিক অবস্থান নিয়েও অভিযোগ উঠেছে। তার সৎ ছেলে রুহুল আমিন জানান,জামিলা(করলা) তার অসুস্থ বাবার সঙ্গে থাকেন না। একই সঙ্গে তিনি টিটিসির ভেতরে আল আমিনের সঙ্গে জামিলার পরকিয়া সম্পর্ক রয়েছে বলে অভিযোগ করেন। তবে এ অভিযোগ অস্বীকার করেছেন অধ্যক্ষ আবুল বাশার আল মামুন। তিনি বলেন, জামিলা বেগমের সঙ্গে তার কোনো অনৈতিক সম্পর্ক নেই। তিনি ৫০ বছরের বেশি বয়সী একজন নারী। তাকে মোটরসাইকেলে নিয়ে ঘোরাফেরা করা তিনি কোনো গুরুত্বপূর্ণ বিষয় বলে মনে করেন না।

আড়িয়াল খাঁ নদীর ভাঙন রোধে

প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন তিনি। ইউএনওর তৎপরতায় এক সপ্তাহের মধ্যেই জরুরি ভাঙন প্রতিরোধ ব্যবস্থা প্রকল্পের আওতায় ভাঙনকবলিত এলাকায় জিও ব্যাগ ডাম্পিং শুরু হওয়ায় স্বস্তি ফিরেছে স্থানীয়দের মধ্যে। পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী ও প্রকৌশলী জাবেদ ইকবাল বলেন, জরুরি ভিত্তিতে প্রায় ১২ হাজার বালুভর্তি জিও ব্যাগ নদীতীরে ডাম্পিং করা হবে। চলতি বর্ষা মৌসুমে নদীভাঙনের তীব্রতা কমিয়ে বসতবাড়ি, ফসলি জমি ও সড়কসহ গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষায় তাৎক্ষণিক প্রতিরোধ ব্যবস্থা হিসেবে এ কার্যক্রম নেওয়া হয়েছে। ডাম্পিং কার্যক্রমের সময় উপস্থিত ছিলেন পানি উন্নয়ন বোর্ডের উপসহকারী প্রকৌশলী শফিকুল ইসলাম, বাবুগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সিএ শাহরিয়ার রহমান বাবু, স্থানীয় ইউপি সদস্য জামাল হোসেন পুতুলসহ স্থানীয় বিভিন্ন পর্যায়ের নেতারা। তাদের মতে, দ্রুত স্থায়ী নদীতীর সংরক্ষণ ব্যবস্থা গ্রহণ করা না হলে ভবিষ্যতে আরও বসতঘর, ফসলি জমি, সড়ক ও অন্যান্য স্থাপনা নদীতে বিলীন হওয়ার আশঙ্কা রয়েছে।

বৃষ্টি-জোয়ারে বেহাল দক্ষিণাঞ্চলের

আওতাধীন ১ হাজার ৩৪৪টি সড়কের প্রায় ৩ হাজার কিলোমিটার ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে প্রায় ৯০০ কিলোমিটার পাকা ও ২ হাজার ১০০ কিলোমিটার কাঁচা সড়ক রয়েছে। এলজিইডি বরিশাল বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়ের নির্বাহী প্রকৌশলী রহমত-ই-খুদা বলেন, ?'কাঁচা সড়কগুলোর অবস্থা সবচেয়ে বেশি নাজুক। তবে বৃষ্টি অব্যাহত থাকায় এখনই সেগুলোর সংস্কারকাজ শুরু করা সম্ভব হচ্ছে না। বৃষ্টি কমে পানি নেমে যাওয়ার পর ক্ষয়ক্ষতির পূর্ণাঙ্গ চিত্র পাওয়া গেলে সংস্কারকাজ শুরু করা হবে। এদিকে বর্ষায় সড়কগুলোর বেহাল দশায় চরম ভোগান্তিতে পড়েছেন বিভিন্ন এলাকার বাসিন্দারা। দক্ষিণাঞ্চলের বিভিন্ন উপজেলার বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা গেছে, শুধু প্রধান সড়ক নয়, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ের সড়কগুলোতেই দুর্ভোগ সবচেয়ে বেশি। পানি জমে থাকায় অনেক স্থানে সড়কের ক্ষতিগ্রস্ত অংশ দেখা যাচ্ছে না। আবার কোথাও সড়কের দুই পাশ ভেঙে সরু হয়ে যাওয়ায় যানবাহন চলাচলও সীমিত হয়ে পড়েছে। বরিশাল সদর উপজেলার চরবাড়িয়া ইউনিয়নের লামছড়ি গ্রামের বাসিন্দা রাসেল হোসেন জানান, তালতলী থেকে লামছড়ি যাওয়ার প্রায় ৮ কিলোমিটার সড়ক এখন চলাচলের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ। জোয়ারের পানি সড়কের ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। কোথাও কোথাও সড়কের অংশ ভেঙে পাশের খালে চলে যাচ্ছে। ওই এলাকার স্থানীয়রা বলছেন, সড়কের বেহাল অবস্থার কারণে প্রতিনিয়ত দুর্ঘটনার আশঙ্কা তৈরি হচ্ছে। বিশেষ করে পানি বাড়লে সড়কের ক্ষতিগ্রস্ত অংশ বোঝা কঠিন হয়ে পড়ে। বরগুনার তালতলী উপজেলার বাসিন্দা আনোয়ার হোসেন বলেন, নদীর তীরবর্তী সড়কে জোয়ারের সময় পানি বৃদ্ধি পেয়ে আশপাশের বাড়িঘরেও ঢুকে পড়ে। এর সঙ্গে যুক্ত হয়েছে টানা বৃষ্টি। ফলে সড়কের পিচ উঠে গিয়ে বিভিন্ন স্থানে বড় বড় গর্ত তৈরি হয়েছে। গর্তগুলো পানিতে ডুবে থাকায় যানবাহন চলাচলে ঝুঁকি বেড়েছে। পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলার ব্যবসায়ী বাদল খন্দকার বলেন, টানা বৃষ্টির কারণে মানুষের স্বাভাবিক চলাচলই ব্যাহত হচ্ছে। এর মধ্যে বাড়ির সামনের ইটের হেরিংবোন সড়কও কয়েক জায়গায় ভেঙে গেছে। আগে ভ্যানগাড়ি বাড়ির সামনে পর্যন্ত আসতে পারলেও বর্তমানে সড়কের ভাঙা অংশের কারণে সেটিও সম্ভব হচ্ছে না। এদিকে বরিশাল নগরীর বিভিন্ন সড়কও টানা বর্ষণ ও জোয়ারের পানিতে ক্ষতিগ্রস্ত হয়েছে। বিশেষ করে নগরীর বর্ধিত এলাকার সড়কগুলোতে পানি জমে থাকায় ক্ষতির মাত্রা বেশি বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। বরিশাল নগরীর ৩ নম্বর ওয়ার্ডের বাসিন্দা জুয়েল রানা বলেন, দীর্ঘ সময় ধরে বৃষ্টি হওয়ায় অনেক সড়কের পিচ ওঠে গেছে। অবস্থা এমন যে রিকশা ও মোটরসাইকেল নিয়ে চলাচল করাও কঠিন হয়ে পড়েছে। এছাড়া অনেক জায়গায় রাস্তার নিচের স্তর দেবে বেশ ক্ষতিগ্রস্ত হয়েছে। নগরীর বিভিন্ন সড়কে একই অবস্থা দেখা গেছে। বরিশাল সিটি করপোরেশনের নির্বাহী প্রকৌশলী আবুল বাশার বলেন, 'বর্ষা ও জোয়ারের পানিতে নগরীর প্রায় ৩৫ কিলোমিটার সড়ক ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। বর্ধিত এলাকার সড়কগুলোতে ক্ষতির পরিমাণ বেশি। এসব এলাকায় বৃষ্টির পানি জমে থাকার পাশাপাশি জোয়ারের পানি দ্রুত নিষ্কাশনেরও সুযোগ নেই। বৃষ্টি কমে পানি নেমে যাওয়ার পর পর্যায়ক্রমে সংস্কারকাজ শুরু করা হবে। সড়ক ও জনপথ অধিদপ্তর সূত্রে জানা গেছে, সড়ক বিভাগের আওতাধীন বরিশাল বিভাগে মোট ৩৫৩ কিলোমিটার সড়ক রয়েছে। এর মধ্যে ৯৪ কিলোমিটার দৈর্ঘ্যের চারটি জাতীয় মহাসড়ক, ২৯ কিলোমিটার দৈর্ঘ্যের দুটি আঞ্চলিক মহাসড়ক এবং ২৩০ কিলোমিটার দৈর্ঘ্যের ১২টি জেলা সড়ক রয়েছে। সড়ক ও জনপথ অধিদপ্তর বরিশাল বিভাগের নির্বাহী প্রকৌশলী নাজমুল ইসলাম বলেন, চলতি বর্ষা মৌসুমে এসব সড়কের প্রায় এক-তৃতীয়াংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত সড়কের দৈর্ঘ্য প্রায় ১১৯ কিলোমিটার। এসব সড়কে সংস্কার কাজ চলমান রয়েছে। তবে বর্ষার কারণে চাইলেও দ্রুত সংস্কার করা সম্ভব হয় না। তিনি আরও বলেন, বর্ষাকালে সড়ক সংস্কার করলে অনেক ক্ষেত্রে তা স্থায়ী হয় না। বিশেষ করে যেসব সড়কের নিচের মাটি পানিতে নরম হয়ে গেছে, সেসব জায়গায় পানি পুরোপুরি নেমে যাওয়ার আগে কাজ শুরু করা কঠিন। তাই আবহাওয়া ও পানি পরিস্থিতির উন্নতির জন্য অপেক্ষা করতে হচ্ছে। তবে বৃষ্টি ও জোয়ারের পানি দীর্ঘস্থায়ী হলে ক্ষতির পরিমাণ আরও বাড়তে পারে বলে জানান সংশ্লিষ্টরা।

পরিচ্ছন্ন বরিশাল সদর গড়ার

বাড়াতে উপজেলা পরিষদ থেকে একটি র‌্যালি বের করা হয়। র‌্যালিতে অংশগ্রহণকারীরা পরিচ্ছন্নতা, পরিবেশ সংরক্ষণ ও জনসচেতনতা বৃদ্ধির বিভিন্ন বার্তা তুলে ধরেন। এ সময় যত্রতত্র ময়লা-আবর্জনা না ফেলে নির্দিষ্ট স্থানে বর্জ্য ফেলা, নিজ নিজ অবস্থান থেকে পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশ নেওয়া এবং পরিবেশের প্রতি দায়িত্বশীল হওয়ার আহ্বান জানানো হয়। কর্মসূচিতে বক্তারা বলেন, একটি পরিচ্ছন্ন ও নান্দনিক উপজেলা গড়ে তোলা কেবল প্রশাসনের একার দায়িত্ব নয়। এ জন্য জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থী, ব্যবসায়ী, বিভিন্ন সামাজিক সংগঠনসহ সমাজের সর্বস্তরের মানুষের সম্মিলিত অংশগ্রহণ প্রয়োজন। নাগরিকদের মধ্যে পরিচ্ছন্নতার অভ্যাস গড়ে তুলতে পারলে দীর্ঘমেয়াদে একটি সুন্দর ও স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করা সম্ভব। উপজেলা নির্বাহী কর্মকর্তা ফরিদা সুলতানা বলেন, পরিচ্ছন্ন ও নান্দনিক বরিশাল সদর উপজেলা গড়ে তুলতে এ ধরনের কার্যক্রম ধারাবাহিকভাবে পরিচালনা করা হবে। পরিচ্ছন্নতা শুধু একটি দিনের কর্মসূচি নয়; এটি আমাদের দৈনন্দিন জীবনের অংশ হওয়া প্রয়োজন। এ উদ্যোগকে সামাজিক আন্দোলনে রূপ দিতে সবার সহযোগিতা প্রয়োজন। তিনি আরো বলেন, উপজেলা পরিষদ থেকে শুরু করে ইউনিয়ন পর্যায় পর্যন্ত পরিচ্ছন্নতার বিষয়ে জনসচেতনতা বাড়ানোর পাশাপাশি নাগরিকদের দায়িত্বশীল আচরণ নিশ্চিত করতে সমন্বিতভাবে কাজ করা হবে। কর্মসূচিতে উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্টরা অংশ নেন। এ সময় পরিচ্ছন্নতা ও পরিবেশ সুরক্ষায় সবাইকে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্ব পালনের আহ্বান জানানো হয়।

অপহরণ মামলায় মুলাদীর ইউপি সদস্য

প্রায় এক সপ্তাহ আগে গাজীপুরের পুবাইল এলাকা থেকে ১৫ বছর বয়সী এক স্কুলছাত্রীকে অপহরণ করা হয়। মামলার এজাহারে ইউপি সদস্য আলী আহম্মদ খান সোহাগের ছেলে সিয়াম খান, তার বাবা সোহাগসহ চারজনকে আসামি করা হয়েছে। এ ঘটনায় অপহৃত ছাত্রীর বাবা বাদী হয়ে গাজীপুর আদালতে মামলা করেন। পরে আদালতের নির্দেশে পুবাইল থানায় অপহরণ মামলা নথিভুক্ত করা হয়। মামলার তদন্তের ধারাবাহিকতায় পুলিশ যৌথ অভিযান চালিয়ে কেরানীগঞ্জ এলাকা থেকে ইউপি সদস্য আলী আহম্মদ খান সোহাগ ও তার স্ত্রীকে গ্রেপ্তার করে। অভিযানের সময় ওই স্কুলছাত্রীকেও উদ্ধার করা হয়। জিএমপির পুবাইল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আতিকুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, অপহরণ মামলায় কেরানীগঞ্জ এলাকা থেকে দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। পরে তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। তিনি আরও বলেন, উদ্ধার হওয়া কিশোরীকে শারীরিক পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। মামলার অন্য আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

বাংলাদেশসহ ৭৫ দেশের ভিসা আবেদন

ম্যানহাটান শহরের জেলা জজ আদালতের বিচারক জ্যানেট ভার্গাস। শুক্রবার এ বিষয়ক একটি মামলার রায় ঘোষণা করে বিচারক বলেছেন, নির্বিচারভাবে ৭৫টি দেশের নাগরিকদের ভিসা প্রক্রিয়া স্থগিত রাখার যে নীতি যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয় গ্রহণ করেছে, সেটি মন্ত্রণালয়ের আইনগত এক্তিয়ারের আওতায় পড়ে না এবং এ নীতি পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর বিধিবদ্ধ ক্ষমতার সীমাকে অতিক্রম করেছে। "আবেদনকারীর জাতীয়তার ভিত্তিতে ভিসা প্রক্রিয়াকরণ চালু রাখা বা স্থগিত করার যে নীতি পররাষ্ট্র মন্ত্রণালয় নিয়েছে, সেটি যুক্তরাষ্ট্রের ভিসানীতি এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিধিবদ্ধ এক্তিয়ারের সঙ্গে সরাসরি সাংঘর্ষিক" রায়ের লিখিত অনুলিপিতে উল্লেখ করেছেন বিচারক জ্যানেট ভার্গাস। চলতি ২০২৬ সালের ১৩ জানুয়ারি যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে দেওয়া এক বিবৃতিতে বলা হয়, ট্রাম্প প্রশাসন বাংলাদেশ, পাকিস্তান, নাইজেরিয়া, কলম্বিয়া, মিসর, সিরিয়া, ভেনেজুয়েলাসহ ৭৫টি দেশের নাগরিকদের ভিসার আবেদন প্রক্রিয়াকরণ, গ্রিনকার্ড ও নাগরিকত্বের আবেদন পর্যালোচনা করা এবং গ্রিনকার্ড প্রস্তুতের প্রক্রিয়ায় স্থগিতাদেশ দিয়েছে। ৮ দিন পর ২১ জানুয়ারি থেকে কার্যকর করা হয় এই স্থগিতাদেশ। এই স্থগিতাদেশের পক্ষে যুক্তি হিসেবে মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে বলা হয়েছিল, এসব দেশের অভিবাসীদের মধ্যে সরকারি সহায়তা গ্রহণের হার 'অতিমাত্রায়' বেশি এবং এদের কারণে যুক্তরাষ্ট্রের সাধারণ করদাতারা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। ট্রাম্প প্রশাসন ৭৫ দেশের নাগরিকদের ভিসা ও গ্রিনকার্ড প্রক্রিয়াকরণ স্থগিতের নীতি ঘোষণা করার পর সেটিকে চ্যালেঞ্জ করে ম্যানহাটান জেলা আদালতে মামলা করেছিল অভিবাসী অধিকার সংস্থা ক্যাথলিক লিগ্যাল ইমিগ্রেশন নেটওয়ার্ক এবং অফ্রিকান কমিউনিটিজ টুগেদার নামের দু'টি অভিবাসী অধিকার সংস্থা। শুক্রবার সেই মামলার রায় দিয়েছেন বিচারক জ্যানেট ভার্গাস। এর আগে গত ৩ আগস্ট যুক্তরাষ্ট্রের কলাম্বিয়া জেলা জজ আদালতের বিচারক অমিত মেহতা এক মামলর রায়ে ঘোষণা করেছিলেন, বাংলাদেশসহ ৭৫টি দেশের নাগরিকদের গ্রিনকার্ডের আবেদন পর্যালোচনায় যে স্থগিতাদেশ দিয়েছে ট্রাম্প প্রশাসন, তা অবৈধ।

গণহত্যার অভিযোগে নেতানিয়াহুর বিরুদ্ধে

বেঞ্জামিন নেতানিয়াহুর বিরুদ্ধে আন্তর্জাতিক গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে তুরস্ক। শনিবার তুরস্কের বিচার বিষয়ক মন্ত্রণালয় এ পরোয়ানা জারি করেছে বলে জানিয়েছেন তুরস্কের বিচারমন্ত্রী আকিন গুরলেক। পরোয়ানায় নেতানিয়াহুকে গণহত্যার দায়ে অভিযুক্ত করা হয়েছে বলেও উল্লেখ করেছেন তিনি। ২০২৩ সালের ৭ অক্টোবর ইসরায়েলে গাজা নিয়ন্ত্রণকারী বাহিনী হামাসের যোদ্ধারা অতর্কিত হামলা চালিয়ে ১ হাজার ২০০ জনকে হত্যা এবং ২৫০ জনকে জিম্মি হিসেবে ধরে নিয়ে আসার পরের দিন ৮ অক্টোবর থেকে গাজায় ভয়াবহ সামরিক অভিযান শুরু করে ইসরায়েরের প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ)। ২ বছর পর্যন্ত স্থায়ী হয়েছিল সেই অভিযান। গাজায় আইডিএফের অভিযানের সবচেয়ে তীব্র সমালোচনাকারী রাষ্ট্র ছিল তুরস্ক। গত ২ বছরে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোয়ান বেশ কয়েক বার নেতানিয়াহুকে 'গণহত্যাকারী' বলেছেন। গাজায় বসবাসকারী ফিলিস্তিনিদের জন্য খাবার, ওষুধ ও অন্যান্য প্রয়োজনীয় ত্রাণসামগ্রী নিয়ে গত মে মাসে স্পেন থেকে রওনা হয়েছিল নৌবহর ফ্লোটিলা। বহরের ছোটো-বড় ৫০টি নৌযানে ছিলেন ফ্রান্স, ইতালি, অস্ট্রেলিয়া ও স্পেনসহ বিশ্বের বিভিন্ন দেশের ৪৩০ জন মানবাধিকারকর্মী। কিন্তু গাজায় পৌঁছানোর আগেই মে মাসে আটকে দেওয়া হয় ফ্লোটিলা নৌবহরকে, অভিযাত্রীদের আটক করা হয় এবং নিজ নিজ দেশে ফেরত পাঠানো হয়। ফেরত আসার পর অভিযাত্রীরা বলেছেন, আটক অবস্থায় তাদের অনেকেই ইসরায়েলের পুলিশ ও সেনা সদস্যদের হাতে নির্যাতন ও হয়রানির শিকার হয়েছেন। তাদের অভিযোগের ভিত্তিতে ইতোমধ্যে ইসরায়েলের বিরুদ্ধে বিচারিক পদক্ষেপ গ্রহণ করেছে ফ্রান্স, ইতালি এবং অস্ট্রেলিয়া। নেতানিয়াহুর পাশাপাশি অ্যাফেক মোসকোভিৎজ নাসের এক ইসরায়েলি সেনার বিরুদ্ধেও গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়েছে উল্লেখ করে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে পোস্ট করা এক বার্তায় আকিন গুরলেক বলেছেন, "আন্তর্জাতিক জলসীমায় ফ্লোটিলা নৌবহরের অভিযাত্রীদের ওপর হামলার ওভিযোগে বিচার মন্ত্রণালয় ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু এবং সেনাসদস্য অ্যাফেক মোসকোভিৎজের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে। এখন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতি আহ্বান তাদের গ্রেপ্তারে যেন লাল নোটিশ জারি করা হয়।" মানবতাবিরোধী অপরাধ, গণহত্যা, গুরুতরভাবে স্বাধীনতা হরণ, ইচ্ছাকৃত হামলা-মারধর-নির্যাতন, সম্পত্তি ধ্বংস, গুরুতর লুটপাট এবং যানবাহন ছিনতাইয়ের অভিযোগে নেতানিয়াহু ও মোসকোভিৎজের বিরুদ্ধে পরোয়ানা জারি করা হয়েছে বলে এক্সবার্তায় বলেছেন আকিন গুরলেক।

বাজার মূলধন কমলো প্রায়

কার্যদিবসের লেনদেন শেষে ডিএসইর বাজার মূলধন দাঁড়িয়েছে ৭ লাখ ৩ হাজার ৮১২ কোটি টাকা। যা আগের সপ্তাহের শেষ কার্যদিবসে ছিল ৭ লাখ ৭ হাজার ৬১৫ কোটি টাকা। অর্থাৎ সপ্তাহের ব্যবধানে বাজার মূলধন কমেছে ৩ হাজার ৮০৩ কোটি টাকা। বাজার মূলধন কমার পাশাপাশি গত সপ্তাহে প্রধান মূল্যসূচকও কমেছে। ডিএসইর প্রধান মূল্যসূচক ডিএসইএক্স সপ্তাহজুড়ে কমেছে ৯৭ দশমিক ৮৩ পয়েন্ট বা ১ দশমিক ৬৬ শতাংশ। আগের সপ্তাহে সূচকটি বেড়েছিল ২২ দশমিক ৯৫ পয়েন্ট বা দশমিক ৩৯ শতাংশ। অপর দুই সূচকের মধ্যে ইসলামি শরিয়াহভিত্তিতে পরিচালিত কোম্পানি নিয়ে গঠিত ডিএসই শরিয়াহ সূচক গত সপ্তাহজুড়ে কমেছে ২১ দশমিক শূন্য ৩ পয়েন্ট বা ১ দশমিক ৭৯ শতাংশ। আগের সপ্তাহে এটি কমেছিল ৩ দশমিক ৫৬ পয়েন্ট বা দশমিক ৩০ শতাংশ। আর বাছাই করা ভালো কোম্পানি নিয়ে গঠিত ডিএসই-৩০ সূচক গত সপ্তাহজুড়ে কমেছে ৩০ দশমিক ২১ পয়েন্ট বা ১ দশমিক ৩৮ শতাংশ। আগের সপ্তাহে সূচকটি বেড়েছিল দশমিক ৮৮ পয়েন্ট বা দশমিক শূন্য ৪ শতাংশ। এদিকে গত সপ্তাহে ডিএসইতে লেনদেনের গতিও কমেছে। সপ্তাহের প্রতি কার্যদিবসে গড়ে লেনদেন হয়েছে ৯০৫ কোটি ৭১ লাখ টাকা। আগের সপ্তাহে যা ছিল ৯৯৭ কোটি ৫৬ লাখ টাকা। অর্থাৎ প্রতি কার্যদিবসে গড় লেনদেন কমেছে ৯১ কোটি ৮৫ লাখ টাকা বা ৯ দশমিক ২১ শতাংশ। সপ্তাহজুড়ে ডিএসইতে টাকার অঙ্কে সব থেকে বেশি লেনদেন হয়েছে আইপিডিসি ফাইন্যান্সের শেয়ার। কোম্পানিটির শেয়ার প্রতিদিন গড়ে লেনদেন হয়েছে ২৯ কোটি ৫১ লাখ টাকা, যা মোট লেনদেনের ৩ দশমিক ২৬ শতাংশ। দ্বিতীয় স্থানে থাকা ডমিনেজ স্টিল বিল্ডিংয়ের শেয়ার প্রতিদিন গড়ে লেনদেন হয়েছে ২৮ কোটি ৪৪ লাখ টাকা। প্রতিদিন গড়ে ২৩ কোটি ৮৮ লাখ টাকা লেনদেনের মাধ্যমে তৃতীয় স্থানে রয়েছে শার্প ইন্ডাস্ট্রিজ। এছাড়া লেনদেনের শীর্ষ দশ প্রতিষ্ঠানের তালিকায় আছে- মালেক স্পিনিং, বেক্সিমকো, সায়হাম টেক্সটাইল, সমরিতা হসপিটাল, এমএল ডাইং, এনভয় টেক্সটাইল ও সামিট এলায়েন্স পোর্ট।

ফেসবুকে ভাইরাল মাদক সেবনকারী

সেবনের দৃশ্য ছড়িয়ে পড়ার পর থেকেই সে নজরদারিতে ছিল। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে হাতেনাতে আটক করা হয়। গলাচিপা থানা পুলিশ জানায়, মাদকমুক্ত সমাজ গঠনে পুলিশের এ ধরনের জিরো টলারেন্স অভিযান ও কঠোর পদক্ষেপ অব্যাহত থাকবে।

গণহত্যার অভিযোগে নেতানিয়াহুর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি তুরস্কের

কীর্তনখোলা ডেস্ক

ফিলিস্তিনের যুদ্ধবিধ্বস্ত গাজা উপত্যকার বাসিন্দাদের জন্য খাবার, ওষুধ ও অন্যান্য ত্রাণসামগ্রী বহনকারী নৌবহর ফ্লোটিলাকে আটকে দেওয়া এবং ফ্লোটিলার অভিযাত্রীদের আটক ও নির্যাতনের অভিযোগে ইসরায়েলের প্রধানমন্ত্রী ৩ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ রবিবার ॥ ২৩ আগস্ট ২০২৬ ॥ ০৯ ভাদ্র ১৪৩৩

বাংলাদেশসহ ৭৫ দেশের ভিসা আবেদন প্রক্রিয়াকরণে ট্রাম্পের স্থগিতাদেশ বাতিল

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্দেশ বাংলাদেশসহ ৭৫টি দেশের নাগরিকদের ভিসা প্রক্রিয়াকরণ স্থগিত রাখার যে নীতি মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় নিয়েছে, তা বাতিল ঘোষণা করেছেন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যের ৩ এর পাতায় দেখুন

আড়িয়াল খাঁ নদীর ভাঙন রোধে ১২ হাজার জিও ব্যাগ ডাম্পিং

বাবুগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাবুগঞ্জ উপজেলার মীরগঞ্জ এলাকায় আড়িয়াল খাঁ নদীর ভয়াবহ ভাঙন রোধে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আসমা উল হুসনার তড়িৎ ব্যবস্থায় জরুরি ভিত্তিতে ১২ হাজার বালুভর্তি জিও ব্যাগ ডাম্পিং কার্যক্রম শুরু করেছে পানি উন্নয়ন বোর্ড (পাউবো)। শনিবার সকাল ১০টার দিকে মীরগঞ্জ এলাকায় আড়িয়াল খাঁ নদীর তীরে রফিয়াদী গ্রামের ভাঙনকবলিত স্থানে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়। গত ১৮ আগস্ট আকস্মিক নদীভাঙনে রফিয়াদী গ্রামের অন্তত ৮ থেকে ১০টি পরিবারের বসতঘর, ফসলি জমি, গাছপালা ও সড়কের অংশ নদীতে বিলীন হয়। এতে ওই এলাকার মানুষের মধ্যে আতঙ্ক দেখা দেয়। খবর পেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা আসমা উল হুসনা তাৎক্ষণিকভাবে ভাঙনকবলিত এলাকা পরিদর্শন করেন এবং ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে সহায়তা প্রদান করেন। একই সঙ্গে দ্রুত ভাঙন প্রতিরোধে ৩ এর পাতায় দেখুন

অপহরণ মামলায় মুলাদীর ইউপি সদস্য ও তার স্ত্রী ঢাকায় গ্রেফতার, ছাত্রী উদ্ধার

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদী উপজেলার সফিপুর ইউনিয়ন পরিষদের (ইউপি) সদস্য ও প্যানেল চেয়ারম্যান আলী আহম্মদ খান সোহাগ এবং তার স্ত্রীকে স্কুলছাত্রী অপহরণ মামলায় ঢাকার কেরানীগঞ্জ থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। একই অভিযানে অপহৃত ১৫ বছর বয়সী ওই স্কুলছাত্রীকেও উদ্ধার করা হয়েছে। গাজীপুর মেট্রোপলিটন পুলিশের (জিএমপি) পুবাইল থানা পুলিশ কেরানীগঞ্জ এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে। গ্রেপ্তার আলী আহম্মদ খান সোহাগ মুলাদী উপজেলার সফিপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের (পশ্চিম বোয়ালিয়া গ্রাম) ইউপি সদস্য। তিনি ওই ইউনিয়নের প্যানেল চেয়ারম্যানও। পুলিশ ও বাদীপক্ষের পরিবার সূত্রে জানা যায় ৩ এর পাতায় দেখুন

বৃষ্টি-জোয়ারে বেহাল দক্ষিণাঞ্চলের ৩১১৯ কিমি সড়ক, বাড়ছে দুর্ভোগ

কীর্তনখোলা রিপোর্ট

টানা বৃষ্টি আর জোয়ারের পানিতে দক্ষিণাঞ্চলের সড়ক যোগাযোগ ব্যবস্থা ভেঙে পড়ার উপক্রম হয়েছে। মহাসড়ক থেকে শুরু করে আঞ্চলিক, জেলা ও গ্রামীণ সড়ক সবখানেই দেখা দিয়েছে ক্ষতচিহ্ন। কোথাও পিচ উঠে তৈরি হয়েছে বড় বড় গর্ত, কোথাও আবার পানির তোড়ে সড়কের মাটি ধসে গেছে। এতে ঝুঁকি নিয়ে চলাচল করতে হচ্ছে যানবাহন ও পথচারীদের। সংশ্লিষ্ট দপ্তরের তথ্য বলছে, চলতি বর্ষা মৌসুমে বরিশাল বিভাগের বিভিন্ন শ্রেণির প্রায় ৩ হাজার ১১৯ কিলোমিটার সড়ক ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে গ্রামীণ কাঁচা সড়ক। বৃষ্টি ও পানি না কমায় অনেক এলাকায় এখনই সংস্কারকাজ শুরু করা সম্ভব হচ্ছে না। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) ও সড়ক জনপথ অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বরিশাল বিভাগের এলজিইডির ৩ এর পাতায় দেখুন

পরিচ্ছন্ন বরিশাল সদর গড়ার প্রত্যয়ে পরিচ্ছন্নতা অভিযান

কীর্তনখোলা রিপোর্ট

পরিচ্ছন্ন, সুন্দর ও নান্দনিক বরিশাল সদর উপজেলা গড়ে তোলার লক্ষ্যে উপজেলা পরিষদে পরিচ্ছন্নতা অভিযান, শপথ গ্রহণ ও সচেতনতামূলক র‍্যালি অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২২ আগস্ট) সকাল ১১টায় বরিশাল সদর উপজেলা পরিষদ আয়োজিত এ কর্মসূচিতে নেতৃত্ব দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ফরিদা সুলতানা। কর্মসূচির শুরুতে উপজেলা পরিষদ চত্বরে সম্মিলিতভাবে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়। কর্মকর্তা-কর্মচারীরা ক্যাম্পাসের বিভিন্ন স্থান পরিষ্কার করেন এবং পরিচ্ছন্ন পরিবেশ বজায় রাখার বিষয়ে সচেতনতা তৈরি করেন। পরে পরিচ্ছন্নতা রক্ষায় শপথ গ্রহণ করা হয়। শপথ শেষে জনসচেতনতা ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করলেন জেলা প্রশাসক

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া উপজেলা ৫০ শয্যা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করলেন বরিশাল জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মামুন খন্দকার। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা নিরুপম মজুমদার, উপজেলা ভূমি সহকারি কমিশনার পলাশ আহমেদ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কর্মকর্তা ডঃ গোলাম মোর্শেদ সজিব, আগৈলঝাড়া থানার ওসি তদন্ত সুসংকর মল্লিক, আরএমও ডাঃ শিশির কুমার গাইন, ডাঃ মিরন হালদার, স্টোরকিপার আব্দুল আজিজ ২০/৮/২০২৬ ইং এ সময় স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শনকালে জেলা প্রশাসক তিনি হাসপাতালের সকল বিভাগ ঘুরে দেখেন এবং রোগীদের খোঁজখবর নেন ও সার্বিক ৩ এর পাতায় দেখুন

ফেসবুকে ভাইরাল মাদক সেবনকারী সাকিব গ্রেফতার ভ্রাম্যমাণ আদালতে কারাদণ্ড

গলাচিপা প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপায় সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়া মাদক সেবনকারী মো: সাকিব (১৮)-কে পুনরায় মাদক সেবনকালে হাতেনাতে গ্রেফতার করেছে গলাচিপা থানা পুলিশ। গতকাল শনিবার নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। পরবর্তীতে ঘটনাস্থলেই বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে তাকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড এবং ১০০ টাকা জরিমানা অনাদায়ে আরও ৩ দিনের কারাদণ্ডের আদেশ দেন। দণ্ডপ্রাপ্ত মো: সাকিব গলাচিপা পৌরসভার ১ নং ওয়ার্ডের মো: নয়ন হাওলাদার ও জরিনা বেগমের ছেলে। পুলিশ সূত্রে জানা যায়, সামাজিক যোগাযোগ মাধ্যমে সাকিবের মাদক ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসক পদ ৬৬, আছেন ২১জন

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার চরফ্যাশন ১০০ শয্যাবিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসকসহ বিভিন্ন পদে জনবল ঘাটতি এবং রোগনির্ণয়ের বিভিন্ন যন্ত্রপাতি না থাকায় চিকিৎসাসেবা ব্যাহত হচ্ছে। এতে দুর্ভোগে পড়ছেন রোগীরা। হাসপাতালে প্রয়োজনীয় সেবা না পেয়ে বাড়তি অর্থ ও সময় ব্যয় করে রোগীদের বিভিন্ন বেসরকারি ডায়াগনস্টিক সেন্টার ও হাসপাতালে যেতে হচ্ছে। উপজেলায় প্রায় ৬ লাখ মানুষের চিকিৎসাসেবার প্রধান ভরসা চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স। স্থানীয়দের পাশাপাশি আশপাশের এলাকার মানুষও হাসপাতালে চিকিৎসা নিতে আসেন। হাসপাতাল ৩ এর পাতায় দেখুন

২০ মিটার নদীতে ১১৪ মিটার সেতু নেই সংযোগ সড়ক

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরের নাজিরপুর ও বাগেরহাটের কচুয়া উপজেলার সীমান্তবর্তী মরা বলেশ্বর নদীর ওপর প্রায় ১৫ কোটি ৩০ লাখ টাকা ব্যয়ে ১১৪ মিটার দীর্ঘ একটি আর্চ সেতু নির্মাণ করা হচ্ছে। তবে সেতুর নাজিরপুর প্রান্তে যানবাহন চলাচলের উপযোগী কোনো সংযোগ সড়ক নেই। ফলে সেতুটি নির্মাণ শেষ হলেও তা কতটা কাজে আসবে, তা নিয়ে প্রশ্ন তুলেছেন স্থানীয় বাসিন্দারা। এলজিইডি সূত্রে জানা গেছে, বাগেরহাটের কচুয়া উপজেলার আন্দারমানিক ও পিরোজপুরের নাজিরপুর উপজেলার শেখমাঠিয়া এলাকার সীমান্তে মরা বলেশ্বর নদীর ওপর সেতুটি নির্মাণ করা হচ্ছে। নদীর যে অংশের ওপর সেতুটি নির্মিত হচ্ছে, তার প্রস্থ প্রায় ২০ মিটার। অথচ সেতুটির দৈর্ঘ্য ১১৪ মিটার। বাগেরহাট এলজিইডির নির্বাহী প্রকৌশলীর অধীনে সেতুটির নির্মাণকাজ করছে ঠিকাদারি প্রতিষ্ঠান এআরসি। প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক আবুল কালাম ৩ এর পাতায় দেখুন

গৌরনদী টিটিসির অধ্যক্ষ ও হিসাব রক্ষকের বিরুদ্ধে অনিয়ম ও স্বেচ্ছাচারিতার অভিযোগ

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ভর্তি কার্যক্রম, আবাসিক কক্ষ ব্যবহার, বাড়িভাড়া ভাতা গ্রহণ, খাবার সরবরাহ, প্রশিক্ষণার্থীদের ভাতা এবং দায়িত্ব বণ্টনসহ বিভিন্ন বিষয়ে অনিয়ম ও স্বেচ্ছাচারিতার অভিযোগ উঠেছে। কেন্দ্রটির অধ্যক্ষ আবুল বাশার আল মামুন ও অতিরিক্ত হিসাব রক্ষক আল আমিনের বিরুদ্ধে এসব অভিযোগ করেছেন স্থানীয় বাসিন্দা, প্রশিক্ষণার্থী ও সংশ্লিষ্টরা। অভিযোগ রয়েছে, সরকারি বিধিবিধান অনুসরণ না করেই প্রশিক্ষণ কেন্দ্রের ছাত্রাবাসের বিভিন্ন কক্ষ আবাসিক হিসেবে ব্যবহার করা হচ্ছে। অধ্যক্ষসহ কেন্দ্রের কয়েকজন ৩ এর পাতায় দেখুন

বাউফলে কৃতি শিক্ষার্থীদের ছাত্রদলের উদ্যোগে সংবর্ধনা

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফলে এসএসসি, দাখিল ও সমমানের পরীক্ষায় এবছর জিপিএ-৫ পাওয়া ১৩০ কৃতি শিক্ষার্থীকে সংবর্ধনা ও পুরস্কার দেওয়া হয়েছে। শনিবার (২২ আগস্ট) সকাল ১০ টায় বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল উপজেলা শাখার উদ্যোগে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান আলোচক পটুয়াখালী জেলা শাখার সভাপতি মেহেদী হাসান শামীম চৌধুরী শিক্ষার্থীদের হাতে সংবর্ধনা ও পুরস্কার হিসাবে স্কুল ব্যাগ, ছাতা, পানির খাওয়ার মগ, কলম ও একটি করে ৩ এর পাতায় দেখুন

বাজার মূলধন কমলো প্রায় ৪ হাজার কোটি টাকা লেনদেনের গতিও হ্রাস

কীর্তনখোলা ডেস্ক

দেশের শেয়ারবাজারে গত সপ্তাহে লেনদেন হওয়া পাঁচ কার্যদিবসের মধ্যে চারদিনই মূল্যসূচক কমেছে। সেই সঙ্গে সপ্তাহের ব্যবধানে দাম কমার তালিকায় নাম লিখিয়েছে অধিকাংশ প্রতিষ্ঠান। এতে প্রধান পুঁজিবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) বাজার মূলধন প্রায় ৪ হাজার কোটি টাকা কমে গেছে। সেই সঙ্গে কমেছে লেনদেনের গতি। পাশাপাশি মূল্যসূচকের বড় পতন হয়েছে। গত সপ্তাহজুড়ে ডিএসইতে লেনদেন হওয়া প্রতিষ্ঠানগুলোর মধ্যে ৫২টির শেয়ার ও ইউনিটের স্থান হয়েছে দাম বাড়ার তালিকায়। বিপরীতে দাম কমেছে ৩১৪টির। আর ১৮টি প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম অপরিবর্তিত রয়েছে। এতে সপ্তাহের শেষ ৩ এর পাতায় দেখুন

ন্যায়বিচার নিশ্চিতে কাউখালীতে নাগরিকদের মতবিনিময় সভা

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে কমিউনিটি ভিত্তিক বিরোধ, মীমাংসার মাধ্যমে ন্যায়বিচার প্রাপ্তিতে নারী ও পুরুষ সমঅধিকার নিশ্চিতকরণে, নাগরিক সমাজের ভূমিকা ও করণীয় শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ২২শে আগস্ট (শনিবার) সকাল ১১ ঘটিকার সময় সংগঠনটির নিজস্ব কার্যালয়,আরজে মেডিয়েশন সেন্টারে এ সভার আয়োজন করা হয়। উপজেলার ৩নং সদর ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ শহিদুল আলম বাদলের ৩ এর পাতায় দেখুন

টানা তিন দফায় সোনার দাম বাড়ল ১১৪৮৯ টাকা

কীর্তনখোলা ডেস্ক

দেশের বাজারে সোনার দাম বেড়েই চলেছে। গত ৫ দফা সোনার দাম সমন্বয়ের মধ্যে ৪ বারই বেড়েছে। এর মধ্যে সবশেষ টানা ৩ দফা সোনার দাম মোট ১১ হাজার ৪৮৯ টাকা বাড়িয়েছে জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)। এবার ভরিতে ৫ হাজার ৪৮২ টাকা বৃদ্ধি করা হয়েছে। এর ফলে ২২ ক্যারেটের এক ভরি সোনার দাম পড়বে ২ লাখ ৪৬ হাজার ১১০ টাকা। যা আজ শনিবার সকাল ১০টা থেকেই কার্যকর হয়েছে। শনিবার সকালে এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে বাজুস। বাজুসের নতুন দাম অনুযায়ী, ভ্যাটসহ প্রতি ভরি (১১ দশমিক ৬৬৪ গ্রাম) ২২ ক্যারেটের সোনার দাম হয়েছে ২ লাখ ৪৬ হাজার ১১০ টাকা। এ ছাড়া ২১ ক্যারেটের প্রতি ভরি ২ লাখ ৩৫ হাজার ৩০ টাকা, ১৮ ক্যারেটের প্রতি ভরি ২ লাখ ১ হাজার ৮৪৬ টাকা এবং সনাতন পদ্ধতির প্রতি ভরি সোনা ১ লাখ ৬৪ হাজার ৮১২ টাকা নির্ধারণ হয়েছে। বাজুস জানিয়েছে, পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত সব জুয়েলারি প্রতিষ্ঠানে এই দাম কার্যকর থাকবে। তবে অলংকারের ডিজাইন অনুযায়ী মজুরি প্রযোজ্য হবে। সোনা ও রুপার অলংকারের বিক্রয়মূল্যের সঙ্গে ভ্যাট ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় জামায়াত নেতার বিরুদ্ধে জমি দখলের অভিযোগ

ভান্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুর জেলার ভাণ্ডারিয়া উপজেলার ১ নং ভিটাবাড়িয়া ইউনিয়নের ৫নং ওয়ার্ডে একটি জবরদখল ও ক্ষমতার অপব্যবহারের চাঞ্চল্যকর ঘটনা ঘটেছে। দীর্ঘ ২৪ বছর ধরে ক্রয়সূত্রে ও দলিল মূলে বৈধভাবে ভোগদখল করে আসা একটি সম্পত্তি জোরপূর্বক দখল করার অভিযোগ উঠেছে স্থানীয় জামায়াত নেতা ফিরোজ শিকদারের বিরুদ্ধে। ভুক্তভোগী ও স্থানীয় সূত্রে জানা যায়, গত ২৪ বছর ধরে ১ নং ভিটাবাড়িয়া ইউনিয়নের ৫নং ওয়ার্ডের বাসিন্দা একরাম খন্দকার (পিতা: মৃত কাদের খন্দকার) এবং মেহেদী হাসান রানা (পিতা: আবুল বাশার) তাদের ক্রয়কৃত জমিতে ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com